আমার এই কুদ্র কাব্যপ্রস্থানি আনুষ্তরের অনুবাদ কি মূলগ্রস্থ ভাষা পাঠকবর্গকে বলিয়া দিতে আমার সাহস হই-তেছে না! কারণ অনেকে কোন প্রসিদ্ধ প্রস্কের অনুবাদ শুনি-লেই আদর পূর্ব্বক পাঠ করিয়া থাকেন, নৃতন এন্ত অমূলক বলিয়া তাহাতে বিশেষ আন্থা প্রদর্শন করেন না; কিন্তু এরূপ লোকও অনেক আছেন মাহারা 'বাঙ্গালাভাষার প্রায় সকল পুত-কই অনুবাদিত—ইহাতে মূল পুত্তক প্রায় দৃষ্টিগোচর হয় না' এইরূপ আক্ষেপ করিয়া অনুবাদিত পুস্তকে উপেক্ষাই করিয়া থাকেন। সূত্রাং এমত ছলে ইছার বিশেষ পরিচয় দিয়া দিলে কোন পক্ষের কিঞ্জিৎ অনুরাগ এবং কোন পক্ষের কিছু বিরাগ জ্মিতে পারে, কিন্তু মাদৃশ সামানাজনের পক্ষে সকল পক্ষের অনুরাগলাভ করাই বিশেষ প্রয়োজন; এবং দেই অনুরাগলাভ আমার ও আমার এই কুদ্র পুত্তকের পক্ষে যতদূর আবশ্যক, ইহা অনুবাদ বা মূলগ্রন্থ তাহা পাঠকবর্গের জানা ভতদুর আবশ্যক নছে! অভএব সহানয় পাঠকবর্গ সমীপে প্রার্থনা এই যে. আমি ইহার স্বিশেষ পরিচয় দিতে সমর্থ না চইলেও ভাঁহারা পুর্ব্ধেক্ত রূপ কারণ বিবেচনা করিয়া অনু মহ পূর্বক আমার সে অপরাম মার্ক্তনা করেন এবং ইহার এক এক থণ্ড গ্রহণ পূর্বক এক এক বার আন্দ্রোপাত্ত পাঠ করিয়া আমার পরিশ্রম সকল करत्न ।

আদি এই প্রান্থ মধ্যে অনেক ছলে আমার পরম হিতিছাঁ
প্রিয়ত বার ভূদের মুখোপাধ্যার মহাশারের প্রদর্শিত প্রণালী অবলহন করিয়াছি এবং ইহাও এছলে, উল্লেখ করা আবিশাক বে,
বাঙ্গালার মধ্যবিভাগের স্কুল-জনস্পেক্টর প্রীয়ত এচ. উড্ডো. এয়.
এ. সাহের মহোদার অনুপ্রহ পূর্কক পুস্তক মুদ্রণ বিষয়ে সবিশোষ
সাহায্যানান করিছাতেন ইতি।

থীরানগতি শর্মা

তগলী, নর্মান্সবিদ্যালয়, ২৫ শে পেষি সংবৎ ১৯১৮।

রোমাবতী।

প্রথম উচ্ছ্রাস ৷

হিমালয় পর্কতের উপক্যতা ভূমিতে কৈরাত নামে এক জনপদ আছে। অতি পূর্ক্কালে পুরঞ্জয় নামে এক প্রবল-পরাক্রম প্রজারঞ্জন নরপতি তথায় আধিপত্য করিতেন। ময়ুরালী নগরী তাঁহার রাজধানী ছিল। ময়ুরালীর তিন দিক্ কৌশিকী নামক এক তর্লিণী ভারা পরিবেন্টিত; কেবল এক দিক্ দিয়া মানবগণের গমনাগমন সম্পান হইত। পর্কতের উপত্যকা ভূমি সকল সহজেই বিবিধ মনোহর তরু গুল্মাদিতে স্থানাতিত হইয়া সকলের নয়ন রঞ্জন করিয়া থাকে তাহাতে আবার রাজার যত্ম ও উদ্যোগে স্থানে স্থানে প্রতিষ্ঠিত পরন রমণীয় উদ্যান সকল নগরীকে যার পর নাই মনোহরিণী করিয়াছিল। তত্তির প্রশস্ত ও পরিজ্ত

রাজ্ঞপথ, রমণায় জলাশয়, নানাবিধ-পণ্য-পূর্ণ আপণ এবং মনোহর সৌধ-রাজি-বিরাজিত দেবমন্দির, নৃপমন্দির, ও ব্যবহার-মন্দির সকল যথাস্থানে সন্নিবেশিত হওয়াতে নগরী সর্ব্যালক্ষারশোভিনী কামিনীর ন্যায় সকলেরই নয়নানন্দশারিনী হইয়াছিল।

রাজা পুরঞ্জ বিবিধ-বিদ্যা-বিশারদ ও গুণগ্রাহক ছিলেন। তিনি দামান্য নরপতিগণের ন্যায় মুর্থগণের ও চাট্কারবর্গের সংসর্গ ভাল বাগিতেন না। স্লভরাং নানাদেশীয় পণ্ডিভগণ গুণের পুরস্কার পাইয়া উাহার রাজধানীতে আদিয়া অবস্থান করিতেন। ঐ সকল পণ্ডিতমণ্ডলী লইয়াই তিনি সতত সভামণ্ডপ সমুজ্জল করিতেন এবং কি রূপে আপনার ও দেশের বিদ্যাবভার উন্নতি হইবে, কি রূপে প্রক্রাগণের ধনদম্পত্তি বুদ্ধি হইবে, কি রূপে মানব মাত্রেই সম্রাতীয়ের প্রতি সদ্ভাব-সম্পন্ন হইবে, কিরুপে প্রচলিত নিয়ন পদ্ধতির मांच प्रकल मः भाषिक हरेत, कि जाल विशक्त णाक्रमन कतित्व मक्रावह आन्त्रमा (मान्त्र श्राधीनजा ब्रक्षांग्र मयब रहेरत, कि ब्राप्त कृषि ও वानिक्रा निर्किरघ ও উৎকৃষ্ট রূপে নির্মাহিত হইবে, কি রূপেই বা পর-নিন্দা, পরাপকার, পরস্বহরণ, পরদারগ্রহণ প্রভৃতি মানব-

প্রথম উচ্চাদ।

র্গণের আন্তরিক কুপ্রবৃত্তির কার্য্য দকল একেবারে দেশ
হইতে নির্বাদিত হইবে, দর্বদাই তাঁহাদিগের সহিত
এইরপ চিন্তার নিমগ্ন থাকিতেন। ফলতঃ তাঁহার
দরালুতায়, তাঁহার বদান্যভার, তাঁহার গুণগ্রাহিতায়,
তাঁহার ধার্মিকভায়, তাঁহার সমদর্শিভায় ও তাঁহার স্থবিচারকভায় প্রজাগণ পরম স্থে কাল যাপন করিত;
গগান-কমলিনী-প্রস্থন-পৃতিগক্ষের ন্যায় ভাস্থ ভাহাদিগের
নিকট নিভাত্তই অলীক পদার্থ ছিল।

ভূপতি অধিক পদ্ধী প্রিগ্রহ করেন নাই। তিনি একসাত্র ধর্মদৃষ্টিই ব্যতিরেকে পরকলত্র সাত্রেরই প্রতি ছহিতার ন্যায় ব্যবহার করিতেন। মহিষীর সন্তান হইবে না বলিয়া সম্পূর্ণই সন্তাবনা হইয়াছিল। কিন্তু ঈশ্বর সমীপে প্রজাগণের নিরস্তর প্রার্থনা ও দৈবের অনুগ্রহবশতঃ প্রৌচ্ভার শেষাবস্থায় রাজপদ্ধী অন্তর্বরনী ইইলেন। এই ব্যাপার ঘটনায় মহারাম্ম ধেরূপ আনন্দিত হইলেন, প্রজাগণ তদপেকা বিশুণ পরিমাণে আনন্দলাভ করিল। কারণ পুত্র জন্মিলে রাজ্য ও বংশ রক্ষা হইবে, বাজার এই এক মাত্র আনন্দ, কিন্তু প্রজাণ গতের সেই এক আহলাদ এবং তাদৃশ প্রজাবংশল নর-পত্রির ক্ষের হইতে অনপত্যতা তুংগ দুরীভূত হইবে

রোমাবভী ৷

এই আর এক আহলাদ, উভন্নবিধ আহলাদে তাহার
একবারে নিমগ্র হইয়া গেলা। যাহাহউক যেরপ চির-প্রোধিত পুত্রের গৃহাগমনের নিমিত্ত মাতা, দূরদেশবর্ত্তী
প্রিল্প হ্রের গৃহাগমনের নিমিত্ত মাতা, দূরদেশবর্ত্তী
প্রেল্প হার্লি প্রাপ্তির জন্য প্রণয়ী, নভদ্যোদিত
মেঘমালার প্রতি অবগ্রহ-ক্রেশিত কৃষক এবং হুদীর্ঘকাল ঘনার্ত রবিবিষের প্রতি ভীবলোক নিতাপ্ত সমুৎহুক হইয়া থাকে, দেইরূপ প্রজাগণ মহিষীর প্রদব
দিনের প্রতি প্রতীক্ষা করিয়া রহিল।

অনন্তর নিয়মিত সময়ে, রাজ্ঞীর প্রদাববেদনা উপস্থিত হইল। নগরীর আবাল রন্ধ বনিতা তাবং লোকই
রাজপুত্র অবলোকন করিয়া আত্মাকে চরিতার্থ করিবার নিমিন্ত রাজভবনে উপস্থিত হইতে লাগিল!
রামাগণ শত্মহন্ত হইয়া স্থৃতিকাগারের প্রালণ ভূমিতে
দণ্ডায়মান রহিল; বাদ্যকরেরা নানাবিধ মঙ্গলবাদ্য গ্রহণ
পূর্বক বহিবাটীতে উপস্থিত হইল; নর্ভকেরা রঙ্গদর্শনোপযোগী মনোহর বেশ ভূষায় বিভূষিত হইয়া নৃত্যশালায় প্রতীক্ষা করিতে লাগিল; সহস্র সহস্র দীন,
দরিত্রে, অনাথ, অন্ধ, কুজ, থঞ্জ প্রভৃতি নিরাপ্রায় লোকেরা
প্রীতিদায় প্রাপ্তাভিলায়ে আগমন করত রাজভবন ও
রখ্যা সন্থাধ করিয়া ভূলিল; অমাত্যগণ রাজার পুত্রমুখ

দর্শনোৎদর সময়ের প্রদেয় দ্রব্য সকলের নির্দারণ कतिएउ विभागन अवः कर्माकरतता महे महे छारतात আহরণ নিমিত্ত ইতস্ততঃ ধাবমান হইতে লাগিল। কলতঃ রাজবাটী যেন একটা উৎসব ভূমির ন্যায় কেবল কোলাহলময় হইয়া উঠিল। এমত সময়ে সৃতিকা-'गारतत भधा रहेरज " राम ! कना रहेन ! कना रहेन !" **এই আর্ত্তিমর বিনির্গত হইল। মহিষী প্রানরবেদনায়** অত্যন্ত কাতরা হইয়াছিলেন, আবার সেই সময়ে পুত্র-মুখ দর্শনাশার উচ্ছেদের সংবাদ কর্ণগোচর হওয়াতে একেবারে মৃদ্ধিত। হইয়া পড়িলেন। অরিষ্ঠ গৃহে হাহা রব উঠিয়া গেল। পুরক্ষী বর্গেরা নানাপ্রকারে রাজ্ঞীর মোহাপনম করিয়া প্রবোধবচনে উাহাকে স্থিরচিত্র। করিতে সম্বন্ধ হইলেন। বহিঃস্থ শৃত্যাহস্ত युवछी गर्भ बी छा-विनष्ठ-वहरत अदक अदक श्र श्र श-मन कतिएक लागिल। वानुकरतता शलाहेबात शथ পাইল না৷ সমাগত দীন দরিদ্রো একবারে ভগ্নাশ হইয়া ভুষ্ণীস্তাবে বদিয়া পড়িল। কাহারও মুখে वाकारका र्खि रहा ना। मकरल हे सानवमरन अकर्खवा কর্মে জড় হইয়া পড়িল। ফলতঃ ক্ষণকালের মধ্যে রাজভবন নিশীথ সময়ের ন্যায় নীরব ও নিস্থক হইল।

নরনাথ এই দময়ে কতিপয় ব্রাহ্মণপণ্ডিত ও গণক-গণ সমভিব্যাহরে এক নিভ্ত গৃহে সভা করিয়া প্রদ-বের সময় নিরপণার্থ সন্মুখে ঘটিকা-যন্ত্র স্থাপনপূর্ব্তক প্রতীকা করিয়া বদিয়াছিলেন। অক্সাৎ এইরূপ অন্তঃপুরের নীরবতা অমুভব করিয়া তিনি সভাসদদিগকে ক্হিলেন, মহাশর্মাণ! অনেকক্ষণ হইল অভঃপুরের कान मरवान आईरम नाई, ममुनाम्न निख्य (मिथिएडि), বোধ হইতেছে কোন বিপদ্ ঘটিয়া খাকিবে। ভাতএব আর আমি এখানে স্থির-চিত্তে থাকিতে পারি না, আমার মন অভান্ত ব্যাক্ল হইভেচে, এই বলিয়া পুরোহিভ এবং বিশ্বস্ত প্রধান সচিবকে সমভিব্যাহারে লইয়া অন্তঃপুরে প্রবেশ করিলেন। তথার প্রবেশিয়া কাহারও মুখে ভানদের চিছ্নাই দেখিয়া ভাবিতে লাগিলেন, বুঝি রাজ্ঞীর গর্ভ কোন রোগরূপে পরিণত হইয়া থাকিবে। নচেৎ আমার এতাদৃশ ভাগ্য কি, যে, অপত্য মুখ অব-লোকন করিয়া দংগারস্থধের সার্থকভা সম্পাদন করি। অকৃত-পুণ্য দিগের এরপ মনোরথ কেবল বিভ্ন্ননা মাত্র ৷ তিনি এইরূপ ভাবিতে ভাবিতে কিয়দূর গমন করিতে-ছেন এমন সময়ে ভারিষ্টাভ্যন্তর হইতে নব প্রসূত শি-শুর রোদনপুনি আর্বণ করিলেন ৷ ঐ শব্দ জাবণে ভাঁহার

পূর্কাশক্ষা নিরাকৃত হওয়াতে তিনি কাহাকেও কিছু না জিজ্ঞাদা করিয়া দত্তরে স্পৃতিকাগারের ছারদেশে উপস্থিত হইয়া দেখিলেন জ্বলন-বিশোধিত জাভরূপা-কৃতি এক পরম রমণীয় কুমারী শরন্মেঘাবলীর উৎসক্ষে বিত্যলভার ন্যায় অপ্রফুল্লচিন্তা রাজমহিষীর অঙ্গদেশ সমুজ্জুল করিয়া রহিয়াছে৷ অনভর, "পুজ নাহইয়া ছুহিতা হইয়াছে এই জ্বন্য পুরবাদীরা মথোচিত হর্ষ প্রকাশ করিতেছে না এবং রাজ্ঞীও মহা ছুঃখিতা হই-রাছেন" এই সংবাদ ভাবগত হইয়া নরপাল অমাত্য ও পুরে হিতের সহিত ফুতিকা গৃহের ছারদেশেই পরি-জনোপনীত আদানে উপবিষ্ট হইয়া অঞা-পূর্ণ-নয়নে ও গদান-বচনে कहिलान---मानव खाछित्र अष्ठःकत्र कि অনস্তম্ভ ! তাহারা তুরাশা-প্রাক্ত হইয়া দৈবের প্রদাদ-দত্ত পদাৰ্থকে কখনই উচিত্মত কুভজ্ঞভাদহকায়ে স্বীকার করিতে সমত হয় না। আমি একপ্রকার গলিত-বয়াঃ হটয়াছি বলিলেই হয়। এ বয়দে পুল্ল বা ক্রার মুখ দর্শন করা আমার ভাগ্যে ঘটিয়া উঠিবে ইহা कार्शत गरन উদিত रहेग्राहिल ? स्नभनीश्वत श्राप्त रहेग्रा এ অবস্থাতেও আমাকে তাদৃশ হুখে বঞ্চিত করিলেন না৷ অতএব এ সময়ে তাঁহার অপার করুণার প্রশংদা

রোমাবতী।

না করা, উল্লাদিত মনে তাঁহার প্রদাদ-দত্ত বস্তার সমাদর না করা এবং তাঁহার প্রতি কৃতজ্ঞতাপ্রকাশের চিহ্ন স্বরূপ আমাদের আনন্দোৎদর নাকরা কি কাপুরুষের কর্মা! মূঢ় লোকেরাই কন্যা ও পুজের ভেদজ্ঞান ক-রিয়া তাহাদিসের প্রতি স্নেহের তারতম্য করিয়া থাকে। কিন্তু প্রকৃতরূপ বিবেচনা করিয়া দেখিলে উভয়কেই এক পদার্থ ভিন্ন আর কি বোধ হইতে পারে? জননীকে উভয়ের নিমিত্তই সমানব্ধপ যন্ত্রণা সহা করিতে হয়, উভয়ের প্রতিই পিতা মাতার সমানরূপ স্নেহাবিভাব দাহায্য করিয়া থাকে। দচরাচর দেখিতে পাওয়া যায় পুত্রেরা উপার্জ্জনাদি করিয়া রন্ধ পিতা মাতার দেবা শুশ্রষা করে এবং কন্যারা পতি-গৃহে গমন করিয়া ভদসুষ্ঠানে সমর্থ হয় না। বোধ হয় এই কারণ-বশন্তই পুত্র ও কন্যার প্রতি লোকের ভেদবৃদ্ধি আবি-र्ज् उ रहेशा थारक। किन्नु मुक्त क्रिश विरवहना कतिरल धरे ভেদ বেশ্ধ নিভান্ত অযৌক্তিক। ভ্রাতা বা অপর অভি-ভাবৰ-দত্ত্বে তুহিভারা পিডা মাডার অধিক চিন্তা करत ना यथार्थ वरहे, किन्तु जाशामत जाविमात्रानजात्र কন্যারা পতি-গৃহে যাইয়াও জনক জননীর কেল সমল্লে

कथनरे निर्वृ छ रहेशा थांकिए भारत ना। मर्क्साई তাঁহাদের ভত্তাবধান ও ক্লেশবিমোচনের নিমিত বন্ধবতী থাকে। বিশেষতঃ উব্হাদের পীড়ার সময় উপস্থিত হইলে কন্যারা যেরূপ শুশ্রষা করিরা থাকে পুল্রেরা ভাহার শভাংশের একাংশও করিতে পারে না৷ শাস্ত্র-্কারেরা পিতামহ মাতামহ ও পোত্র দৌহিত্র দিগের প্রতি দবিশেষ ব্যবহার করিলে নরকপাতের ভয় প্রদ-র্শন করিয়া গিয়াছেন। আর আমার যে, পুত্র না হইয়া कता रहेग्राह, उद्धता अभिष्ठतत आभात প্রতি সাতি-শ্যু করুণাই প্রকাশিত হইয়াছে। কারণ এক্ষণে আমি স্থবির হইয়াছি, আর কত কালই বাঁচিব। এ অবস্থায় পুত্র হইলে দে প্রাপ্তব্যবহার হইবার অগ্রেই হয় ত আমাকে সংসারলীলা সংবরণ করিতে হইত স্তরাং দেই পুত্র এবং কুলক্রমাগত এই রাজ্য সকলই রিপু-কর-কবলিত হইয়া বিনাশ প্রাপ্ত হইত। কিন্তু কন্যা इडब्राट्ड वहे इविधा हहेब्राट्ड ख, अध्विकालमध्याहे জামাতৃরূপ এক উপযুক্ত পুদ্রের মুখাবলোকন করিতে পাইব এবং ভাহাকে রাজা এবং কন্যাকে রাজমহিষী দেখিয়া উল্লাদিত মানদে আপনার পারত্রিক কর্মাস্তর্গা-নের নিমিত্ত গৃহ হইতে বহির্গত হইতে পারিব।

নরপালের এইরূপ যুক্তিযুক্ত সারগর্ভ উদার বচনা-বলী প্রবণ করিয়া অমাত্য পুরোহিত প্রভৃতি সকলেই সাধুবাদ প্রদান করিতে লাগিলেন। তখন সকলের মনেই গোহ-গ্রেঘ অপগত হইয়া বোধ-স্থাকরের উদয় হটল। সকলেই যেন জড়াবস্থার হস্ত হইতে সজীবতা লাভ করিল এবং দকলেই তখন মহাকোলাইল সহকারে নানাবিধ মদলাচরণ কর্মে প্রবৃত্ত হইল। তখন স্থানে छात मुखा भीख । विविध वारमानाम हरेरछ लाशिल, সমাগত দীন দরিদ্রদিগের প্রতি, জলধরের জলবর্ষণের নায় দর্মত্র দমানরূপে প্রচুর অর্থরাশি বিভীণ হইতে লাগিল ; ভূত্যবর্গ রাজদত্ত রত্নালক্ষারে বিভূষিত হইয়া আনন্দ প্রকাশ করিতে আরম্ভ করিল। ফলতঃ সমুদায় নগর যেন মুর্ভিগান্ হর্ষের ন্যায় হইয়া নানাপ্রকারে ক্রীড়া অন্যান্য কর্ত্তব্য কর্ম্ম সকল সমাধান করিয়া অন্তঃপুর হইতে বহিৰ্গত হইলেন।

কিয়ন্যান অতীত হইলে পর নিয়মিত সময় উপস্থিত ফইলে মহীপাল, তন্ত্ৰপুরাণের অনুস্ত্রপ, মনের উদার্য্যের মদৃশ ও স্বভূজ-বিনির্ভিত দিগ্দিগন্ত হইতে সম্বিগত সম্পতির উপযুক্ত সমৃদ্ধি সহকারে প্রাণপ্রিয়া তনয়ার

অনুপ্রাশন নামকরণ প্রাভৃতি আবস্থাক সংস্থার সকল সম্পানন করিলেন। কন্যার নাম রোমাবভী রহিল। রোমাবতী জনকের আনন্দের সহিত দিন দিন বর্জামান হইয়া শুকু পক্ষের শশিকলার ন্যায় যেমন পুটাবয়বা তেমনি লাবণ্যবতী হইতে লাগিলেন। তখন জাঁহাকে प्रिंशित (वाध इटेंडिक नागिन (यन, अक्की नवनी छ-शुक्र-लिका कीरनामियस आश्रकीरन रहेशा देउन्छ क कीए। করিতেছে। তিনি কোন দিন বধুবেশ ধরিয়া, কোন मिन वंद्रदर्भ शदिश्वाह कविश्वा, स्कान मिन वा द्राधाल-বেশে দক্তিভ্ৰত হইয়া ভূপতির অঙ্গলি ধারণ পূর্বাক নৃত্য করিতে করিতে দর্মদাই সভামগুপে উপস্থিত হইতেন এবং এটা কি ? উটা কি ? নেটা কি ? ভাৰ্দ্ধ-কণ্ট গধুর বচনে এইরূপ প্রশু সকল জিজ্ঞানা করিয়া সকলের শ্রবণেজিয় স্বাদিক করিতেন। বালিকাগণ নিয়ত অন্তঃপুরে রুদ্ধ থাকিয়া যেরূপ নিতান্ত মৃত্ভাব হট্যা যায়, রোমাবতী দেরপে হইলেন না। তিনি দতত দভামগুপে অবস্থান করাতে বীতভয়া হইয়া কুত্রাপি প্রমন করিতে দক্ষ চিত হইতেন না। যে কেং উাহাকে ক্রোড়ে করিবার জন্য হস্ত প্রদারণ করিতেন তিনি তাঁহারই নিকট উপস্থিত হইয়া, কাহারও ফ্রোড়ে বদি

তেন, কাহাকেও ক্রোড়ে করিতে যাইতেন, কাহাকেও জনপান করাইতেন, কাহাকেও ধূলিময় অন ব্যঞ্জন রাধিয়া খাইতে দিতেন এবং কাহারও চিবুক, কাহারও কেশ, কাহারও উফীষ, কাহারও বা যজ্ঞোপবীত আক-র্যণ করিয়া নানারপ ক্রীড়া কৌতুক করিতেন।

এইরপে পঞ্চবর্ষ অতীত হইলে পর রাজা তনয়ার বিদ্যাণ শিক্ষার্থে নানা বিদ্যা-বিশারদ কতিপয় উপদেশক ও উপদেশক। বোমাবতী তাঁহাদিগের নিকট সাতিশয় অভিনিবেশ সহকারে ক্রমাগত সাত আট বংসর শিক্ষা করত, ব্যাকরণ সাহিত্য পুরাণ শিপা, নৃত্য গীত বাদিত্র প্রভৃতি নানা বিদ্যায় পারদর্শিনী হইয়া উঠিলেন। তাঁহার মেধা এরপ বলবতী ছিল যে, তিনি একবার যে বিষয় দর্শন বা প্রবণ করিজেন তাহা পাষাণান্ধিত রেখার ন্যায় চিরকাল তাঁহার অভ্তকরণে বিরাজমান থাকিত। ফলতঃ রোমাবতী এই কয়েক বংসরের মধ্যেই বিদ্যাভ্যাস, প্রিয়ভাষিতা, বিনয়, সৌজন্য, গুরুভক্তি, অমুগতবাংসল্য প্রভৃতি নানাগুণে বিভূষিতা হইয়া উঠিলেন।

ষ্মতঃপর রোমাবতী যৌবন-সীমায় পদার্পণ করিলেন।
মুক্তামালা সূর্য্যকিরণে লম্বমান করিলে প্রতিকলিত
প্রতা সকল যেমন উহার চতুর্দ্দিকে পরিব্যাপ্ত হয়,

উব্যাহার শরীরের ভরলবং লাবণ্যও দেইরূপ প্রতিভাত হইতে লাগিল। তখন রবি-কর-বিভিন্ন ভামরদের ন্যায়, জ্বলন-বিশোধিত জাতরপের ন্যায়, হ্বর্ণ-মণ্ডিত রকালুরীয়ের ন্যায়, নীহার-গর্ভ রজেশংপলের নায়, মেঘ-মধ্যোদিত স্বরচাপের ন্যায়, ফেনরাজি-বিরাজিত জাহ্বী- কলের ন্যায়, বদন্তবিক্ষিত চুত্তকলিকার ন্যায়, শাণো-ल्ली इ शेवक्यालाव नाग्न, नवस्यीवन-लाङ्गिष्ठ छतीय भवीव অপূর্ব্ব মনোহর শোভা ধারণ করিল। যেমন বছরূপ-নামক সরীসূপজাতি ক্ষণে ক্ষণে সূতনরূপ বর্ণ ধারণ করে, দেইরূপ তাঁহার অলোকিক দৌন্দর্যাধুরীও দিন দিন যেন মুভনরতে আপবিভূতি হইতে লাগিল। দেই যৌবনশোভা সন্দর্শন করিয়া বোধ ইইতে লাগিল বুঝি, বিধাতা বিলাদের বিলাদ, প্রদাধনের প্রদাধন, উপমানের উপমান, এবং আভরণের আভরণ করিয়া এই রমণীরত্র সৃষ্টি করিয়াছেন। অধিক কি, বাদর ী যেমন দিনমণির ছারা শোভা ধারণ করে, বিভাবরী যেরপে নিশাকরের ছারা রমণীয় হয়, হারাবলী যেমন মধ্য-মণির দ্বারা হৃশোভিত হয়, উদ্যানপঙ্কি যেমন পুষ্পলতা দারা 6িত্তাকর্ষিণী হয়, দরোজিনী যেরূপ দরোজ-শোভায় কমনীয় হয় দেইরূপ রোমাবভীর দ্বা দমুদায় রাজপুরী একেবারে অলক্ত হইয়া উঠিল।

যেমন বসন্তকালের চূতকলিকা মুকুলিতা হইলে গন্ধবহের দ্বারা ভদীয় পরিমল দিন্দিগত্তে বিক্ষিপ্ত হয়, দেইরূপ রোমাবভীর বিদ্যা রূপ বিনয় স্থালভা প্রভৃতি গুণ্দমন্তের দৌরভ লোকপরম্পরায় পৃথিবীর সর্ব্বে বিস্তারিত হইতে লাগিল। এই সকল সংবাদ অবগত হইয়া নানাদেশীর ভূপালগণ তাদৃশ রমণীরত্র লাভে আত্মাকে চরিতার্থ করিবার জন্য রাজা পুর-ঞ্যের নিকট ভূয়োভূয়ঃ লিপিপ্রেরণ করিতে আরস্ত कतिरलन। পুরঞ্য় এই সকল লিপি প্রাপ্ত হইয়া মনে মনে চিন্তা করিলেন, রোমাবতী আমার সংগার বিপি-নের একমাত্র পুজালতা এবং আমার জীবন বৃক্ষের অকালের ফল। অতএব নে ষাহাতে উপযুক্ত পাত্রের रखगठा रहेग्रा यावङ्गीवन स्थलाभिनी रग्न उर्गला-मनहे आभात मः नारत्रत्र मात्र कर्मा विलया ताप हरे-তেছে। বিশেষতঃ নে ষেত্রপ রূপবতী ও গুণবতী হইয়াছে, ভাষাতে যদি অপাত্রে অপিতা হয় তবে তान्य जान ও अपन विभानना कता हहेरवक। आहा! বংশার রূপলাবণ্য যত বার দর্শন করি তত বারই যেন মুতন বলিয়া বোধ হয়, কোন রূপেই নয়ন পরিত্পু হয় না৷ তাহার করতলে কমল নিঃক্ষেপ করিলে, কাহার

লক্ষ্মী বলিয়া বোধ এবং বীণা প্রদান করিলে কাহার गत्रवरी विनिष्ठा ज्ञम ना अस्ता ? शाशहर्षेक अकरण म বিবাহের যোগ্যা হইয়া উঠিল, আর এখন নিশিচত থাকা বিধেয় হইতেছে না! অনেকানেক রাজপুত্রেরাও সবি-শেষ আগ্রহনহকারে আমার নিকট পত্রপ্রেরণ করি-তেছেন। এক্ষণে কি করা যায় ? ঐ সকল রাজগণের মধ্যে কেহই রোমাবতীর পরিচিত বা দৃষ্টপুর্ব নহেন। হ্রতরাং উাহাদের মধ্যে কাহারও সহিত সম্বন্ধনিব-শ্বন করিলে রোমাবতীর মত-নিরপেক্ষ হইয়াই করিতে হয়। পিতারা এইরূপ প্রণালীতেই প্রায় চুহিতার পরিণয় ব্যাপার সম্পাদন করিয়া থাকেন! কিন্তু নে প্রথা আ্মার সমীচীন বলিয়া বোধ হয় না৷ সকলেরই কুচি ভিন্ন ভিন্ন। কুমুদিনী দিনমণিরও মুখাবলোকন करत ना, कप्रलिमी ब्राका-निशामारथव् कब्रम्भर्म मान হইয়া যায় ৷ অভএব আমি যে ব্যক্তিকে রূপগুণ-মন্ত্রশীল-সম্পান্ন বোধ করিয়া জামাতৃত্বে বরণ করিব, দে হয় ত কোন অনির্ব্রচনীয় কারণে রোমাবতীর নয়ন-প্রীতিকর না হইতে পারে এবং ভাহা হইলে রোমাবতী "পিতা মাধবীলভাকে পিচুমর্দ্দাশিষ্ঠা করিয়াছেন" এই ভাবিয়া যাবজ্জীবন আপনাকে হতভাগিনী বোধ

করিবে। আমিও প্রাণদত্ত্বোণাধিক-প্রিয়ত্যা তনুজার মান মুখ কখন ভাবলোকন করিতে পারিব না। ভাত-এব আমার বৃদ্ধিতে স্বয়ম্বরের উদধোগ করাই শ্রেয়ঃ ক'প বোধ হইতেছে। কন্যার রূপ ও গুণের দৌরভ দকল দেশেই বিস্তীর্ণ হইয়াছে। অতএব এই স্বয়ন্বরে অনেক রাজা ও রাজপুত্রগণ সমাগত হইবেন ভাহার সন্দেহ নাই ৷ রোমাবতী তমধ্য হইতে অবস্থাই আপ-নার অমুরূপ পতিকে বরণ করিয়া লইয়া চিরস্থ-ভাগিনী হইতে পারিবে। देनবের কথা কিছুই বলা যায় না। যদি ভাহাতেও কন্যার কোন অস্থের কারণ উপ-স্থিত হইয়া উঠে তবে আমার মনে অন্ততঃ এই নির্ব্ধৃ তি থাকিবেক যে, আমি তাহার ছঃখ-ভাগিনী হইবার কারণ নহি ।

অনস্তর রাজা, পুরোহিত ও অমাত্যবর্ণের সহিত
মন্ত্রণা করিয়া আত্মজার মত গ্রহণপূর্ব্বক এই পরামর্শ ই
কর্ত্বত্য বলিয়া স্থির করিলেন। অনস্তর স্বয়ম্বরবিধানের উদ্যোগ আরম্ভ হইল। দূতগণ পত্রিকাহন্তে
দেশে দেশে গমন করিতে লাগিল। নানা দেশীয় রাজা
ও রাজপুত্রেরাও ক্রমে ক্রমে ময়য়য়ালীতে আগমন করিতে লাগিলেন। নগর একবারে জনময় হইয়া উঠিল।

অনম্ভর নির্দ্ধারিত দিবস উপস্থিত হইলে পর রোমাবতী শিविकार्त्वाहिक हरेबा मधीगंग ममक्रिवालीरत खब्बबर्य রাজগণের সন্ধিবানে আনীত হইলেন। এক প্রগল্ভা প্রতিহারী নিবিকার সম্ভিব্যাহারে থাকিয়া একে একে मकल ब्राक्तांत्र निकृष्ठे शत्रन थवर डाँगाएमत वरम छ গুণাবলী কীর্ত্তন করত ক্রমে ক্রমে সভার •এক প্রান্ত **इ**हेरक जाशत क्षारक डेशिवड इहेन । किन्न त्राज-কুমারীর কাহারও প্রতি একবারও সামুরাগ নয়নপাত হইল না৷ স্থতরাং তিনি পর্বত-প্রতিহত পর্যতীর ন্যায় আপনার গন্তব্য পথ অবধারণ করিতে অসমর্থা हरेब्रा निजास ब्राकृत हरेतन। श्रद किय़ श्रून ধ্যানাবলম্বিতের ন্যায় চিন্তামগ্ন হওয়াতে উাহার মনোমধ্যে উদিত হইল যে, এই সমাগত রাজগণের মধ্যে একজন ও জাঁহার প্রণয়বক্ষের উপযুক্ত পাত্র নহেন। উাহার হৃদয়রঞ্জন এখনও ষেন কোন দুরদেশে বর্ত্তমান আছেন। মনোমধ্যে সহলা এই ভাবের আবিভাব হওয়াতে ভিনি একেবারে দৃচ্চিত্তা হইয়া হস্তন্মিত মধৃকমালা আপনারই গলদেশে অর্পণ করিলেন এবং निविकाव इकिमिशक माइक क्रांच मारवार आश्रेन क्षां-नाम প্রভ্যাগমন করিয়া আদিলেন।

ষয়মরাগত ভূপালবর্গ এই ব্যাপার অবলোকন করত সাধারদের অবসাননা হইল বলিয়া কম্পান্তিত-কলেবরে আসন হইতে গাজোপান করিলেন। তাঁহারা পুরঞ্জয় ও তৎপুত্রী রোমাবতীকে যথেষ্ট তিরস্কার করিতে লাগিলেন এবং কেহ কেহ সমরাবতরণেও প্রবৃত্ত হইতে ইচ্ছা প্রকাশ করিলেন। কিন্তু শাস্ত্র-কারেরা ষয়ম্বরক্ষোভকারীদিগকে ইন্দ্রশানীর বিনাশ্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন এই ভয়ে অনেকে অগ্রানর হইতে পারিলেন না। যাহাহউক নানাত্রপ প্রবোধ ও সান্ত্রনাবাক্যে সমরোদ্যম নিবৃত্ত হইলে ভূপগণ বিভাতকালীন গ্রহগণের ন্যায় মলিন-বর্ণ হইয়া স্বস্ব আলয়ে প্রস্থান করিলেন। নগরী পুনর্বার শান্তিভাব ধারণ করিল।

ষয়ন্বর-গভায় তাদৃশ আচরণের নিমিত্ত রাজনন্দিনীর প্রতি পুরবাদিগণ সকলেই নিতান্ত বিরক্ত হইয়া উঠিল। সকলেই তাঁহার বিদ্যা ও বৃদ্ধির ভূরি ভূরি নিন্দা করিতে লাগিল। এবং সকলেই তাঁহার অদৃষ্টে মহং তুঃখ আছে বলিয়া পরস্পর জপনা করিতে লাগিল। রাজা ও রাজমহিনী প্রথমে কন্যার প্রতি কিঞ্চিৎ বিরক্তিভাব প্রকাশ করিয়াছিলেন। কিন্তু অপত্যের প্রতি পিতা মাতার ক্রোধ কতক্ষণ স্থায়ী হইতে পারে? তাঁহারা অপেকাল পরেই, কিরাপে কন্যার পরিণয়ব্যাপার সম্পাদন হইবে, কিরাপে কোথায় গিয়াই বা উপযুক্ত বর-পাত্রের অল্বেষণ পাইব এবং কিরাপেইবা সংসারধর্ম রক্ষা হইবে এইরূপ চিস্তাতে এতাদৃশ গাঢ়নিনয় হইলেন যে, তাঁহাদের আবস্থাক কর্ম দকলও ক্রমে ক্রমে



রোমাবতী।

বিতীয় উচ্ছান।

বন্ধন্দরব্যাপারের কভিপন্নদিবদানস্থর একদা নগরমধ্যে জনরব উঠিল বে, দিংহলদীপ হইতে এক অভি
বিচক্ষণ ক্রীড়াদক্ষ ঐক্রজালিক আদিয়াছে; দে অদ্য
অপরাত্রে কৌশিকী নদীর ভীরবন্তী প্রান্তরমধ্যে আপনার অজুত শিক্ষানৈপুণ্য প্রদর্শন করিবে। এই সংবাদ
সর্ব্বিত্র প্রচারিত হইলে নগরন্থ সমুদন্ন লোকই কৌতুহলাক্রান্ত হইয়া সন্তরামুষ্ঠানে দিবদোচিত ব্যাপারসমন্ত
সমাধান করিয়া দেই স্থানে গমন করিতে লাগিল।
দর্শনিক্রিয়া অবাধে সম্পন্ন হয় এই অভিপ্রান্তর
অনেকেই ঐ স্থানের সমীপব ত্ত প্রানাদ সমূহের উপরিভাগে
অগ্রেই আ্রোহণ করিয়া বদিল। বিদূর-ভবনা কুলকামিনীরা তৎসন্নিধানবাদী আ্রান্ত্রগণের আবাদে
উপস্থিত হইয়া প্রানাদোপরি আ্রোহণ করিতে আরস্ত

করিল; বালক ও অপরাপর লোকেরা বৃক্ষশাখায় আর্ঢ় হইল। ভদ্তির সহস্র সহস্র লোক পিপীলিকাশ্রেণীর नाम প্রান্তরমধ্যে দণ্ডারমান রহিল। করম্বরদিনের পর অবধি রোমাবতী দাতিশয় উন্মনাঃ হইয়া ছিলেন। না শন্ত্রন না উপবেশন না ভোজন না প্রদাধন কিছু-'তেই তাঁহার প্রীতি জন্মিত না। তিনি সভত কেবল **ठिस्नोनिमश्रहे थाकिएजन किन्नु कि ठिस्ना क**दिएएहिन ভাহার কোন বিষয়ও অবধারিত ছিল না৷ ঐ দিন ঐক্রজালিকের সংবাদ অবগত হইয়া কিয়ংক্ষণ আকর্য্য-मर्भात डेश्क है। विस्तामन कतिवात शाखिलाख, माधविका মধুলোভা বনপ্রিয়া প্রভৃতি স্বীয় সহচরীবর্গের সহিত গমন করিয়া তিনি ঐ প্রান্তরের সমীপবন্তী এক প্রাসা-দের উপরিভাগে আহরাহণ করিলেন। এই সময়ে ঐক্রজালিক গভীরন্বরে মন্ত্রপাঠ ও পিচ্ছিকাপরিভ্রমণ করত ক্রীড়া আরম্ভ করিয়া নগরে অগ্নিবৃষ্টি, পরক্ষণে অকালোদিত মেযের বারিবর্ধনদারা ভাহার নিবৃত্তি, একবার দর্প-বৃষ্টি, অন্যবারেই পতঙ্গরাজ-কর্তৃক ভাহা-দিগের ভক্ষণ, একক্ষণ দিন-প্রভা, পরক্ষণেই নিশীথ সময় এইরূপ নানাবিধ বিস্ময়কর ব্যাপার দর্শাইয়া সকলকে আলেখ্য-লিখিভের ন্যায় নিশ্চলদৃষ্টি করিয়া ভুলিল।

এ দিকে রোমাবতীর পক্ষে এক অদ্ভুতরূপ ইন্দ্রজাল উপস্থিত হইল।—ঐন্দ্রজালিকের ক্রীড়ারস্ক করিবার সমকালেই রোমাবভী সমাগত লোকদিগের প্রতি দৃষ্টি-পাত করিয়া দেখিতে দেখিতে সমীপস্থ অশোকতরুর মূলদেশে ব্য়ন্যের সহিত দণ্ডায়মান এক তরুণ পুরু-ষের নয়নে নয়নপাত করিলেন এবং বছক্ষণ পর্য্যন্ত অনিমিধ-নয়নে ঐ পুরুষকে নিরীক্ষণ করিতে করিতে তাদৃশ জনাকীণ স্থানও তাঁহার খুন্যময় বলিয়া বোধ হইয়া উঠিল: জনগণের তাদুশ কলরবও একবার তাঁহার শ্রুভি-বিবরে প্রবিষ্ট হইল না , সমীপত্ত সখী-গণও তাঁহার দৃষ্টিপথ হইতে বিলুপ্ত হইয়া গেল৷ তিনি ইন্দ্রজাল-প্রভাবেই যেন ঐ পুরুষ ভিন্ন আর কিছুরই উপলব্ধি করিতে পারিলেন না। ফলতঃ যে কারণে कमिनी निनमिनिर्मात अकुला रम्, य कातल कुमुनिनी নিশানাথের প্রতি অনুরাগিণী হয়, যে কারণে ময়ুরী জলধরের উদয়মাত্রেই নৃত্য করিয়া উঠে, যে কারণে वन रखत मूथ मर्गाता हु जल जिका मुकूलि जा इस, य কারণে অয়স্কান্তমণিশলাকা লোহধাতুর অমুবর্তিনী হইতে চাহে, রাজবালা দেই কারণেই অবিদিত-কুলশীল অজ্ঞাত-নামণেয় অপরিচিত অদৃষ্ট-পূর্ব্ব তরুণ পুরুষের

রাপলাবণ্যের একাস্ত পক্ষপাতিনী ও নিতান্ত অমু-तानिनी इहेशा अरकवादत छेगानिनी आह इहेटनन। তৎকালে ভাঁহার শরীর পদার ন্যায় গতিশক্তি-বৰ্জ্জিভ, निमाघार्डित न्याय अनवत्रछ-विभाविक, स्वमञ्जल आक्षुक, শাল্মলীভরুর ন্যায় রোমাঞ্চে কণ্টকিত, শীভার্ছের ন্যায় 'ৰুম্পমান, এবং রবিকরম্পৃষ্ট নক্ষত্রের ন্যায় পাগুবর্ণ হইয়া গেল। তথন তাঁহার কণ্ঠস্বর মুক্তের ন্যায় একবারে कुफ रुरेया পড़िन, नयनपूर्णन नज्मा-स्वरंत नाम जन-ধারাবর্ষণ করিতে লাগিল। এবং চেতনা অদৃষ্ট-নিশাকর क्यूमिनौत नाग्र निभी निख श्हेबारमन। এ मिरक क्रीफ़ा নিবৃত্ত হইলে পর দকল লোক স্বস্ব স্থানে গমন করিতে আরম্ভ করিলে মাধ্বিকাপ্রভৃতি স্থীগণ্ও বা্সগুহে গমনোমুখ হইয়া রোমাবভীর প্রতি দৃষ্টিপাত করত দেখে ষে, তিনি আলিখিতার ন্যায় উৎকীণার ন্যায় কোন অনির্দ্দিষ্ট পদার্থের প্রতি নয়নম্বয় প্রোত করিয়া নিবাতস্থ বল্লীর ন্যায় নিজ্ঞান্দশরীরে দগুায়মান আছেন। ভাহারা তাঁহার অকারণে ও অভূমিতে এইরূপ সাত্তিকভাবের আবিভাবদর্শনে বিস্ময়াপর হইয়া কারণাবধারণার্থ চতু-র্দিকে নেত্রপাত করিতে লাগিল। কিন্তু তথন্রঙ্দশী লোক নকল বিশৃঞ্জভাবে ও মহাকোলাহলদহকারে

চতুর্দ্ধিকে ধাবমান হইতেছিল স্থতরাং কিছুই নিশ্চয় করিতে পারিল না। যাহাহউক ভাহারা ভাঁহার হস্ত-ধারণপূর্বক বাদভবনে আনম্বন করত পল্যক্ষের উপরি ভাগে শয়ন করাইল এবং কি কারণে ভাঁহার অক্সাং এরপ ভাব পরিবর্ত্ত হইল, জানিবার জন্য নানাবিধ চেষ্টা করিতে লাগিল।

এ দিকে সক্ষ্যাকাল উপস্থিত। উষ্ণরশ্মি নিঞ-রশ্মির অসহা তেজেই ধেন দথাক হইয়া জ্বলন্ত অকা-রের ন্যায় অরুণবর্ণ ধারণ করিলেন। তিনি উদিত হইয়া অবধি সমস্তদিন ত্রিজগৎকে যে সাতিশর সন্তাপ প্রদান করিয়াছিলেন, দেই পাপেই ধেন তেজো-शीन हरेब्रा जाधःপতিত हरेब्रा (शत्नन। এই সময়ে ভূমি ও অন্তরীক সমুদয় দিম্পুরবর্ণ হইয়া উঠিল, विश्वकूल वाकुल इट्रेग्ना कलत्रवगर्कारत निष्ठ निष्ठ कुलाग्न निलाम जागमन कतिएक लागिल, जाधुनीनगन-অধ্যমনে বিরত হইয়া সমীপাপ্রমেই আপ্রয় লইতে আরম্ভ করিল এবং ধেনু-পালেরা ধেনু দকল লইয়া গ্রাম্য গীত গান করত গ্রামাভিমুখে আগমন করিতে লাগিল। कियुरक्तन भारत्रे मियाकत्रज्ञभ धहती भगनज्ञभ त्रथा হইতে অপমৃত হইলে তিমিররূপ তন্ধরেরা তরুকোটর,

গৃহকোণ, কারাগার, কুপগর্ভ, গিরিগুহা প্রভৃতি নানা নিভূত স্থান হইতে ক্রমে ক্রমে বহির্গমন করত দলবন্ধ হইয়া একেবারে জগমাওল আক্রমণ করিল। তখন বোধ হইতে লাগিল যেন গগন অঞ্জন-বর্ষণ করিতেছে, অন্ধকার গাত্রে লিপ্ত হইতেছে, অন্তরীক ভূমির সহিত गः लग्न इरेश्ना त्ररिश्नोह्ह · এবং সমুদয় দিক্ একতা সংহত হইয়া রহিয়াছে। অনস্তর একটা তুইটা তিনটা করিয়া অনেকগুলি তারা ক্রমে ক্রমে নভোমগুলে সমুদিত हरेया नीला १ ७ कविलयी ही तक मित्र नाप्त जाल जाल কিরণ বিস্তার করিতে লাগিল। অতঃপর শশধর অম্বরপথে প্রকাশমান হইলেন। তখন পৃথিবী ধেন তুগ্ধোদধির অভ্যন্তরে বিলীনা হইল, সকল পদার্থই যেন হ্রপালেপিত হইল এবং স্থাবর জন্ম সকলই যেন হাস্তা করিতে লাগিল। তৎকালে রাজভবন ठट्यात्नाक, त्रज्ञात्नाक ও मीপात्नात्क मिछ् इरेश অপূর্ব্ব শোভা ধারণ করিল।

এই সময়ে সহচরীগণ সন্ধ্যোচিত গৃহকার্য্য সকল সমাধান করিয়া নৃপনন্দিনীর পল্যক্ষের পার্যদেশে উপ-বেশনপূর্লকে সকলে নানাবিধ প্রশু করিতে লাগিল। মাধবিকা কহিল প্রিয়স্থি! রোগ প্রকৃতক্ষপে না

জ্বানিলে ভাষার প্রতীকারের চেষ্টা করা যায় না। আমরা সকলেই ইন্দ্রজালদর্শনার্থ অট্টোপরি গমন করিয়াছিলাম ; কিন্তু যাহাতে তোমাকে ঈদৃশাবস্থ হইতে হয়, উক্ত ক্রীড়াতে ভাহার ত কোন কারণই श्वरलाकन कति नाहै। मधुरलाखा कहिल तासनिकि ! প্রাণয়ি-জনের প্রতি ভাগ করিয়া দিলে তুঃখের ভার লঘু হয়৷ অতএব আমাদিণের নিকট ভোমার মনো-বেদনা গোপনকরা কোনমতেই যুক্তিযুক্ত বলিয়া বোধ হইতেছে না৷ বনপ্রিয়া কহিল ভর্তুদারিকে! আপনি কি নিমিত্ত অকস্মাৎ এতাদৃশী বিহ্বলা হইলেন, জানি-বার জন্য যে কি পর্য্যন্ত উৎকণ্ঠা জন্মিয়াছে তাহা বর্ণন করিয়া ব্যক্ত করিতে পারি না৷ যদি আমা-দিগের দারা আপনার আকস্মিক উদ্বেগের শান্তি হইবার কোন উপায় হয় তবে জানিতে পারিলে তিষধয়ে যদ্ধতী হই। রোমাধতী তাহাদিগের এই मकल প্রশাবলী প্রবণ পূর্বক দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া উত্তর করিলেন স্থীগণ! তেখ্মরা কেন বৃথা আমার মুনোগত বিষয় জানিবার জন্য এত ব্যুকুল হইতেছ? জানিয়াও তাহার কোনরূপ উপায় করিতে পারিবে না। আমি যে ভান্তিময় মৃগত্ঞি-

কায় মুগ্ধ হইয়াছি ভাহার প্রতিকারের কোন প্রকার मछावना नाहे। हेस्स्काल वृश्वि आभात शक्क काल হইয়া উপস্থিত হইয়াছিল। অন্যথা কি নিমিত্তই আমি উহা দর্শন করিতে যাইব ? কি নিমিত্তই বা মায়াময় অলীক পদার্থে মুগ্ধ হইয়া এতাদৃণ বিহল হইয়া উঠিব ? এই মাত্র বলিয়া তিনি করতলে कर्णाल विन्तानश्चर्लक हिलानिमध इहेरलन। मधीनन তাঁহার এইরূপ ভাব দর্শন করিয়া দাতিশয় বিস্ময়াপর इहेल এবং মহাকৌতুহল সহকারে জিজ্ঞানা করিল, রাজ-কুমারি! তুমি ইন্দ্রজালে কি পদার্থ দর্শন করিয়াছ আসাদিগের নিকট অবশ্রস্থ বলিতে হইবে, না বলিলে আমরা কোন প্রকারেই ছাড়িব না ৷ সম-তুঃখ-স্লখ সহচরীগণকে অপ্রতিবিধেয় তুঃখভারে তুঃখিত করিতে রোমাবতীর শুভিলাষ ছিল না কিন্তু তিনি তাহাদিগের निक्तम উल्लब्बन कतिएउ जनमर्थ इहेग्रा পतिस्मरम नीर्घ নিশ্বাদ পরিত্যাগপুর্বাক কছিলেন দখীগণ! যদি নিত্য-ন্তই তোমাদিণের আপন আপন আআকে ব্যথিত করিতে অভিলাষ থাকে তবে প্রবণ কর। আমি ইব্রক্সালদর্শনার্থ তোমাদিণের সম্ভিব্যাহারে দেই भीतिगरत **चारतार्ग कतिलाम अतर ह**ुर्क्किक निकिश्च-

রোমাবভী ৷

নয়ন হইয়া সমাগত বিবিধবেশ, বিবিধাকার ও বিবিধ-क्रांश क्रमानिक व्यवसायम क्रिया मानिमाम। वारमान দ্যমন্হকারে ক্রীড়া আরম্ভ হইলে তুই একবার প্রজ্বলিত হুতাশনের প্রভাব-প্রকাশ এবং প্রচণ্ড চটচটাশন্দ অমুভূত হইল। ক্ষণকালপরেই ইন্দ্রজালপ্রভাবে অভি-ব্যক্ত দেই অশোকবিটপিমূলে দণ্ডায়মান পুরুষের প্রতি নয়নপাত হইল। প্রথমে তাঁহার সহিত এক সহচরকে দুখায়ুমান দেখিয়াছিলাম। কিন্তু তিনি ক্রুয়ে ক্রুয়ে কোথায় গেলেন৷ তখন তোমরাও যে কোথায় ছিলে তাহা কিছুই দেখিতে পাই নাই। সে সময়ে বোধ হইল যেন আমি কোন জনখুনা প্রান্তরে অবস্থিত হইয়া ঐ পুরুষের সন্নিধানে দণ্ডায়মান হইয়াছি! তৎকালে তাঁহার মন্তক মুখ বক্ষঃ কটি চরণ প্রভৃতি যে যে অঙ্গ নিরীক্ষণ করি তাহাই যেন আফ্রার নয়নকে कां ड़िया लहेट लांगिल। कि वर्ग, कि लांवगा, कि গঠন, কি মুখশোভা, কি নয়নভঙ্গী, কি গান্তীৰ্য্য, যাহা যাহা দর্শন করিয়াছি তাহা কি প্রাণাত্তেও আর ভূলিতে পারিব! তুঃখদানে কৃতদক্ষপ বিধির অসাধ্য কি আছে? বোধ হইল যেন ঐ অলীক পুরুষও আমার প্রতি নির্নিষেষ্নয়নে চাহিয়া রহিয়াছেন, তাঁ-

হারও বদনমণ্ডল দক্ষ্যা-রাগ-রক্ত শশ্ধরের ন্যায় অরুণ-বর্ণ হইয়া উঠিয়াছে এবং শরীর আপলেখ্য-সমর্পিতের नाम এकवादा म्लन्सरीन रहेग्रा निग्राह् । जांशव धरेताल অব্যাদর্শনে আমি আরও উন্মত্তপ্রায় হইয়া উঠিলাম। তখন তাঁহার দমক্ষে অনিক্ষিত-পূর্ব্ব কতই যে ভাব ভঙ্গী -প্রকাশ করিলাম এবং কতই যে মনোগত কথা ব্যক্ত করিলাম তাহা আরুর এক্ষণে সারণ হয় না৷ ফলতঃ তৎকালে উাহার প্রতি একবারে ধন, মান, প্রাণ, যৌবন সমুদায় সমর্পণ করিয়া শরণার্থিনী হইবার নিমিত্ত প্রার্থনা করিতে লাগিলাম। অনন্তরই তোমরা ক্রীড়াভল হই-য়াছে বলিয়া গৃহাগমনের নিমিত্ত আমাকে আহ্বান করিবাসাত্র সেই হাদয়রঞ্জন যে, কোথায় অন্তর্জান করি-লেন, আরুর উপ্হাকে দেখিতে পাইলাম না।

মধুলোভা ও বনপ্রিয়া রোমাবভীর এইরপে বচনো-পন্যান গুনিয়া নাতিশয় বিলয়পের হইল এবং কহিল রাজনন্দিনি! আমরা ভোমার কথা কিছুই বুঝিতে পারিলাম না! ইন্দ্রজালোদিত পুরুষ ত কৈ আমরা একবারও দেখিতে পাই নাই! বিশেষতঃ দেই অগ্নি! ভাদৃশ ঘোরতর মেঘগর্জন! দেই সকল কালভুজদের শান্নিলশ্দ! সেইপ্রকার পতগরাদ্বের আক্ষালন!

এদকল ভূমি যে কিছুই দেখিতে বা শুনিতে পাও नारे रेहा कि श्रंकात मच्चव रहेल? हेन्सबाल যে, এক সময়ে ব্যক্তিবিশেষের প্রতি ভিন্নভিন্নরূপ পদার্থ প্রকাশমান হয় ইহা আমরা ত কগ্পনই অবগত ছিলাম না। যাহা হউক তোমার কথা প্রবণ করিয়া আমাদিনের অত্যন্ত বিসায় ও কৌতৃহল জন্মি-তেছে। মাধবিকা এ সকল বিষয়ে কিঞ্চিৎ প্রবীণা হই-ষ্ণাছিল। প্রীতিপাত্র পদার্থকে নয়নগোচর করিবার সময়ে যে, সমীপস্থ সকল বস্তুই তন্ময় হইয়া যায় এবং দকল ইন্দ্রিয়ই দৃটিনয় ২ইনা উঠে, ইছা ভাষার কিঞ্চিং কিঞ্চিং অবগতি হইয়াছিল। অতএব দে অনায়াদেই বুঝিতে পারিল ধে, সরলা রাজবালা জীড়া-রস্ত সময়ে কোন হাদয়চোর পুরুষকে অবলোকন ক-রিয়া ভদাত্তিতে অনুধ্যান করত ইন্দ্রজালের ব্যাপার কিছুই দেখিতে পায় নাই, স্নতরাঃ ঐ পুরুষকেও हेस्बबाटनत পनार्थ विनया स्थित कतिया ताथियाटह। यारा रुडेक वे পুরুষে मधीत भाग्नासूत्राभ लक्का रहे-তেছে, কিন্তু উহার প্রতি মায়াময় জ্ঞান থাকাতে কখনই তাহার দহিত সমাগম হইবার সভাবনা নাই ভাবিয়াই ষৎপরোনান্তি যন্ত্রণা অনুভব করিতেছেন। অতএব মর্মাজ্ঞ হইয়া দখীর হতশতা পুষিয়া রাখিতে দেওয়া আর আফার উচিত হইতেছে না৷ এইরূপ চিন্তা করিয়া দে পরিহাদ পূর্ববি কছিল দখি! যদি আ্মি কোন মন্ত্র বা ঔষধবলে দেই মায়াময় পুরুষকে প্রকৃত পুরুষ করিয়া ভাঁহার সহিত ভোমার পাণি-প্রাহণ সম্পাদন করিয়া দিতে পারি, তাহা হইলে তুমি আগাকে কি দাও? রোমাবতী ঈষৎ কোপ প্রকাশ পূর্ব্যক উত্তর করিলেন মাধবিকে! পরিহাস কিরূপ দময়ে আংমোদজনক বা যন্ত্রণাকর হয় তাহা জানা না थाकिलारे এरेजार कथा निर्गठ रहेग्रा थारक! उथन. মাধবিকা পরিহাদের সময়ও অতিক্রান্ত হইয়াছে ভা-বিয়া স্থিরভাবে কহিল প্রিয়দখি! মনঃক্ষোভ দুর কর, হতাশা হইবার প্রয়োজন নাই। তুমি ঘাঁহাকে অব-লোকন করিয়াছ তিনি সায়াময় নহেন, তিনি এক ভুবন-ভূষণ পুরুষরত্ম। তৎকালে আমিও তাঁহাকে করেকবার অশোকমূলে দৈশন করিয়াছিলাম, এবং তিনি যে, কোন কামিনীর প্রতি গাঢ়ানুরাগ বশতঃ নিশ্চলচিত্ত হইয়া-ছিলেন তাহাও কিঞ্ছিল ক্ষয় করিয়াছিল কা। কন্দর্পের বদ্যন্ত যেরূপ, দেইরূপ • এক সহচর ও ভাঁহার সহিত দণ্ডায়মান ছিলেন। আহা! তাঁহার ও রূপ কি পৃথিবীতে

ধরে! যাহা হউক সথি! •আগুর তোমার চিস্তার বিষয় নাই। রজনী প্রভাতা হইলেই নগরমধ্য হইতে আমি উ্যহাকে অন্তেষণ করিয়া বাহির করিব এবং মহা-রাজের গোচর করিয়া সকল মনোরথ সম্পন্ন করিতে পারিব। রোমাবতী এই দকল কথা প্রাবণ করিয়া দাস্ত্রাবাদ্যাত্র বিবেচনা করত প্রথমতঃ বিশ্বাদই করি-লেন না৷ পরে মাধবিকা নানাবিধ শপথ ও দুঢ়তর নির্কান্ধ দহকারে পুনঃ পুনঃ নিবেদন করাতে কিঞ্চিৎ আশ্বস্ত হইয়া আনন্দাঞ্পরিপূর্ণ-নয়নে ও গদাদ-.বচনে কহিলেন প্রিয়দখি! তবে কি আমি ইক্সজালে প্রভারিত হই নাই! ভবে কি আমার যাহাতে দর্প বলিয়া শক্ষা জন্মিয়াছিল, তাহা বিচিত্র পুজামালারপে পরিণত হইল! তবে কি আমি যাহাতে অগ্নি বলিয়া ম্পর্শ করিতে ভয় পাইতেছিলাম তাহা উদ্ধল-দীধিতি রত্ন হইয়া উঠিল তবে কি আমি যাহাতে অগাধ জলরাশি বলিয়া চরণক্ষেপ করিতে সন্ধৃতিত হইয়া-ছিলাম তাহা কাটিকময় মসূণ ভূমি বলিয়া প্রকাশমান হইল! যাহা*হউক তোমার অনুত্রয় এই সাস্ত্রা-বাদেও আপাততঃ আমি প্রাণদান পাইলাম। এক্ষণে আর এ স্থানে থাকিয়া কি করিব ? চল আমরা দেই

म्हारन भगन कतिया मारे क्लग्रहात्रक नयनशास वाधिया চরিতার্থ হই। এই বলিয়া গাত্রোপান করত সহচরী-গণের সহগমন প্রভীক্ষা না করিয়াই, হরিণী যেমন कृष्णनात्रमर्गत धारमाना रय महिल्ल, मज्द्रशाम दाख-তনয়া আপন দৌধশিখরে আরোহণ করিলেন ! কিন্তু দেই অশোকমূল অন্তমিত-শশাক্ষ নভোভাগের न्याय, प्रनिशीन क्नीत न्याय, विश्व जि-प्रधुप्रनि शद्यत नाप्त, विरुक्तम-चूना পঞ্জের নাपू उँ। रूप्त नग्रत्न নিতান্ত অপ্রীতিকর হইয়া উঠিল। তিনি বারম্বার লে। বেঠনয়নে চতুর্দিক্ নিরীক্ষণ করিয়াও কিছুই দেখিতে পাইলেন না। তখন পুনর্কার নমুদায় বৃত্তান্ত তাঁহার অলীক রূপে প্রতীয়মান হইতে লাগিল, পুন-ব্বার তিনি আপনাকে তুরাগ্রহ-গ্রস্ত বলিয়া বোধ করিতে লেন। মাধবিকাও পশ্চাৎ পশ্চাৎ গমন করিয়া দেখিল, রাজকুমারীর পুনর্কার পূর্বভাব উপস্থিত হইয়াছে। <u>ভাতএব হস্ত ধারণপূর্ব্বক দেই স্থানে তাঁহাকে উপ-</u> বেশন করাইয়া আপনিও পার্শ্বদেশে সমাসীন হইয়া मृज्लवहरन कहिल প্রিয়দ্থি ! जूमि नाना विमाप्त বিদ্যাবতী হইয়াছ; শুনিয়াছি উৎকঠা ও ঔৎহক্য

রোমাবতী 1

নিবারণের বিদ্যাই একমাত্র উপায়, অতএব তুমি যদি অকারণে এরপে বিহ্বলা হও তবে তোমাকে আমরা কি বলিয়া বুঝাইব ? তুমি ঘাঁহার নিমিত্ত এত সমাকুল আগত হইয়াছিলেন। এক্ষণে যামিনীর প্রায় এক যাম গত হইল। এপর্যান্ত উাহার এ ছানে অবস্থান করা কিরপে সম্ভব হটতে পারে? তোমার প্রতি উাহার গাঢ়ানুরাগের লক্ষণও কিঞ্চিৎ অনুভব করিয়াছি, ছ-তরাং উঠাহার এস্থানে কিয়ংক্ষণ অবস্থান করা সম্ভাবনা বটে ; কিন্তু ভাঁহার এক সহচরকেও সমীপে দেখিয়াছি ৷ তিনি কি বুঝিয়া তাঁহাকে এই জনখূন্য প্রান্তরে পরি-ত্যাগ করিয়া যাইবেন ? অতএব তাঁহাকে এখানে দর্শন করিতে না পাইয়া ব্যাকুলা বা হতাশা হইবার বিষয় নাই। আমি প্রতিজ্ঞা করিতেছি প্রভাত হইবামাত্র নগরের মধ্যে তাঁহার আন্নেষণে বহির্গত হইব এবং যে রূপে পারি ভোমার মনোরথ সফল করিয়া দিব তাহার দদেহ নাই। মাধবিকা এইরপে ও অপরবিধ সাস্ত্রাবাদ ছারা উব্হাকে হৃত্তির করিবার বিস্তর চেষ্টা পাইল কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইতে পারিল না ! রাজবালা মন্তার ন্যায়, পিশাচাবিষ্টার ন্যায়, কথন শয়ন

কথন উপান, কখন উপবেশন, কখন গান, কখন হাস্তা, কখন রোদন এইরূপ ব্যাপারে নিরতা হইরা সমস্ত বিভাবরীই যাপন করিলেন। তখন মাধবিকার সহাবস্থানও তাঁহার অপ্রীতিকর হইতে লাগিল। স্থানা পাই-লেই তিনি কোন নিভূত স্থানে গমন করিয়া তদাতচিত্তে দেই রূপ চিন্তন, তাঁহার দহিত আলাপ, ক্ষণে তাঁহার প্রতি রোষপ্রকাশ, ক্ষণে চাটুক্তি, ক্ষণে নান ভরে পরিত্যাণ করিয়া গমন, ক্ষণে দ্রুতবেগে আসিয়া হস্তবারণ, ইত্যাদি সংকপ-সমাগম ঘারাই আত্মাকে স্থায়নান করিতে লাগিলেন।

যাহা হউক অতঃপর যামিনী তাঁহার কাতরতা দর্শনে অসহিষ্ণু হইয়াই যেন সন্মুখ হইতে অন্তর্জান করিতে লাগিল। জ্যোতিজগণ তৈলখন্য দীপাবলীর ন্যায় ক্রমে ক্রমে হীনপ্রত হইয়া নির্মাণোন্মুখ হইল। পূর্ব্ব-দিগিভাগ প্রোধিতমিত্রের সমাগমস্থাশায় যেন হাস্ত করিতে লাগিল। এই সকল বিভাতলক্ষণ অবলোকন করিবানাত্র রাজত্হিতা ক্রেতবেগে আগিয়া মাধবিকার কঠ ধারণ পূর্ব্বক তাহাকে অরায় নগরগমনের জন্য অন্থ্রোধ করিতে লাগিলেন। তথন মাধবিকা, মধুলোভা বনপ্রিয়া প্রভৃতি অপরাপর সহচরীবর্গকে

त्राजनिक्तीत महाराष्ट्रारन नियुक्त कतिया महे मकुकृ है পুরুষের আকৃতি চিন্তা করিতে করিতে রাজভবন হইতে বৃহির্গত হইল, এবং প্রতি গৃহত্তের ভবন, রখ্যা, আপণ, মঠ, চৈত্য, সরিংকুল প্রভৃতি সমুদয় স্থানে তদাকৃতি পুরুষ দর্শনের অভিলাষে সমস্ত দিন ভ্রমণ করিয়া বেড়াইল, কিন্তু কোথাও উাহার অমুদন্ধান করিতে পারিল না। ক্রমে বেলাবদান হইল, দক্ষ্যা দময় উপ-ফিত ; হতরাং মাধবিকাকে অকৃতার্থ হইয়াই গৃহে প্রত্যাপমন করিতে হইল। দে স্বয়ং এক প্রকার निताना इरेग्नाहिल किन्त श्रियमधीत पृत्यांभरनामनार्थ म ভাব গোপন করিয়া, কল্য অবস্থাই অনুসন্ধান করিয়া আদিব বলিয়া সান্ত্রা করিতে লাগিল। যাহাহউক এই ক্সপে ৪1৫ দিন গত হইলে পর মাধবিকা নিভান্ত বিষয়-হৃদয়ে বিবেচনা করিল যে, আশা-লভাকে প্রিয়দখীর হানয়ে আর অধিক বন্ধমূল হইতে দেওয়া উচিত হইতেছে ना । ইहात शत छे९भाहिन कतिए हरेल मुलानन श्वन উৎপাটিত হইয়া যাইবে ৷ আমি কয় দিন নিরম্ভর ভ্রমণ করিয়াও কিছুই সন্ধান পাইলাম না। এক্ষণে আমারও বোধ হইতেছে বুঝি আমিও ইন্দ্রদ্রালে প্রতারিত হইয়া থাকিব। নচেৎ এ নগরনিবাদী অথবা এ নগরসমা-

গত কোন পুরুষ হইলে তংপরদিন প্রভাতেই আমি অরেষণ করিতে পারিতাম। এই ভাবিয়া দে ক্রমে ক্রমে আতি সাবধানতা পূর্বক প্রিয়সখীর হান্যক্ষেত্র হইতে আশার অঙ্কুর দকল উন্মূলন করিতে আরম্ভ করিল। রোমাবতী যদিও কথায় তাঁহাকে মায়াময় পুরুষ বলিয়া বলিতে লাগিলেন কিন্তু মনোমধ্যে তাঁহার স্থির প্রতীতি হইল যে, তিনি কখনই মায়াময় নহেন। যাহা হউক আনম্ভর তিনি ক্রমশঃ ধৈর্য্যবলম্বনে অভ্যাদ করিতে লাগিলেন, কিন্তু প্রতিজ্ঞা করিলেন যে, প্রকৃত হউক বা আলীক হউক, কখন দর্শন পাই বা না পাই, দেই আমার প্রাণবল্লভ ও দেই আমার জীবিতেশ্বর। আমি প্রাণাজ্ঞ অপর পুরুষের প্রতি নেত্রপাত করিব না।

উঁহার এইরপে প্রতিজ্ঞা পুরমধ্যে প্রচারিত হইলে পর একদা প্রভাত সময়ে রাজমহিষীর পিদলা নামে এক পরিচারিকা রোমাবতীর আবাদে আগমন করিয়া তাঁহার পার্শ্বে উপবেশন পূর্ব্বক বিনয়বচনে কহিল ভর্তুদারিকে! তুমি মায়াময় পুরুষদর্শনে তাহাকেই বিবাহ করিব বলিয়া প্রতিজ্ঞা করিয়াচ, এই সংবাদ শ্রাবণ করিয়া মহারাজ ও রাজমহিষী যে কি পর্যান্ত সন্তাপিত হইয়া- হেন তাহা মুখে বর্ণন করিয়া শেষ করা যায় না। মনে

কর তুমি তাঁহাদিগের জীবনের একমাত্র অবলম্বন ৷ তুমি অনুরপ পতি-সমাগমে চিরস্থভাগিনী হইলেই তাঁহারা ष्णाश्रनारनत कीवन मार्थक (वाध करतन। किन्न इड বিধাতার প্রতিকৃলতায় তুমি এরূপ জনের প্রতি অমুরক্তা रुरेल, याहारक कथनरे मर्गन कतिवात मछावना नाहै। বিদ্যাবতী ও বুজিমতী হইয়া তোমার এই অলীক ভূমিডে অমুরাগ সমর্পণ কিরাপে সম্ভব হইল ? পরম ভক্তিভালন জনক জননীরা সাতিশয় যন্ত্রণাভোগ করেন ইহা কি ভোমার প্রীতিকর হইতেছে? অকারণে যাবজ্জীবন আত্মহথে জলাঞ্জলি দেওয়া কি বুদ্ধিমতীর কার্য্য হই-তেছে? একবার স্বয়ন্থরে কোন ফলোদয় হয় নাই কিন্তু ভোমার অভিমত হইলে পুনর্কার স্বয়ম্বরের উদ্যোগকরা ষায় অথবা অতি দুরতরদেশীয় ভূপতিগণের চিত্রমূর্ত্তি দকল আনুমুন করিবার চেষ্টা করা যায়। যাহা হউক তুমি এ বিপরীত বুদ্ধি পরিত্যাগ কর এবং অন্য কোন मका गमानी পুরুষবরের দয়িতা হইতে অবহিতা হও।

রোমাবতী মাতৃপরিচারিকার এই কথা শ্রবণ করিয়া বিনীতভাবে উত্তর করিলেন পিঙ্গলে! তুমি জননীকে আমার প্রণাম জানাইয়া নিবেদন করিবে; পিতা মাতা যন্ত্রণা ভোগ করেন ইহা কোন্পাপিঠের ইচ্ছা হইয়া

থাকে! তাঁহারা দর্কাপ্রকারে স্কথভোগ করেন ইহাই আমার নিরম্ভর অভিলাষ। কিন্তু বাম-প্রকৃতি বিধি আমার দেই অভিলাষ কোন মতেই পূরণ করিতে দি-তেছেনা। আমি যাঁহাকে দর্শন করিয়াছি, আমার চিত্ত নিরস্তরই কহিতেছে যে 'তিনি মায়াময় নহেন, অবশাই উাহার দহিত ভোমার দমাগম হইবে'। এই সংস্কার এখনও হানয়মধ্যে এতাদৃশ প্রবল না থাকিলে আমি কি এত দিন জীবিত থাকিতাম? বিশেষতঃ সনাতন ধর্ম-পথ পরিত্যাগ না করিয়া এক পুরুষের অনুরক্ত হইয়া অন্যের প্রতি নেত্রপাত করা কামিনীগণের কি রূপে সম্ভব হইতে পারে? যাহার প্রতি অন্তঃকরণ একবার দৃঢ় রূপে অনুরক্ত হয়, পরিণয়কার্য্য সম্পাদন না হইলেও কি তিনি স্থামিরপে পরিগণিত হয়েন না? . ছদয়-সূহীত ও স্বজন-দত্ত পতির কিরুপে বৈলক্ষণ্য হইতে পারে? সাবিত্রী কি বৃঝিয়া বর্ষমাত্র-জীবিত সভ্যবানের প্রণয়িণী হইতে কোন রূপে সঙ্ক চিত হয়েন নাই ? এবং দময়ন্তীই বা कि कातरन हेल्यानि स्वित्रनारक अति छात्रा कतिया निषध-রাজের দয়িতা হইয়াছিলেন? ফলতঃ যে স্ত্রী এক বার হুদয়-বৃত পতিকে পরিত্যাগ করিয়া অন্যের প্রতি নেত্র-পাত করিতে পারে, পতিপরিত্যাগিনী সর্বধর্মবিব-

জ্লিতা বারবনিভার সহিত ভাষার বিশেষ কি আছে? অতএব পিল্লে! তুনি জননীকে বুঝাইয়া বলিবে, যদি জগদীশ্বরের নিকট কোন মহাপরাধে অপরাধিনী না हरेग्रा थाकि, यिन अर्प्स अन्तर भूकृ स्वत मनागमा जिला व মনোমধ্যে উদিত না হইয়া থাকে, যদি পাতিব্ৰত্য ধর্মের মাহাত্ম্য অন্যাপি ভূবনতলে বিদ্যমান থাকে তবে অর্থ-শ্যুই সেই ছানয়রঞ্জনের প্রিয়ত্বা ও প্রাণবল্লভা হইব ভাহার কোন সন্দেহ নাই ৷

পিঙ্গলা রাজনিদানীর এইরূপ সমুক্তিসন্দর্ভ প্রাবণ করিয়া নিরুত্তরা হইয়া মহিষীর নিকট প্রতিগমন করিলে পর রোমাবতী মাধবিকাকে নির্জনে আহ্বান করিয়া কহিলেন প্রিয়দ্খি! পিতা মাতা অপত্যবংদল-তার বশীভূত হইরা অকর্ত্তব্য কর্মন্ত সাধন করিতে সক্ষ্টিত হয়েন না। আনি একের প্রতি আদক্তা হইয়া অন্য পুরুষের পত্নীত্ব স্বীকার করিলে যে, ঘোরতর অধর্ম জिमारव हेरा उँ। राष्ट्रात्व विलक्षन वाध आहि। किन्न अञ्चल उँ।श्री (महे अधर्मातक अवस्थान कतिता, यनि আগাকে চির-স্থা-ভাগিনী করিতে পারেন, বোধ করেন তবে তাহাতেও পশ্চাৎ-পাদ হইবেন না। আমার বিলক্ষণ বোধ হইতেছে যে, উাহারা কোনু দিন বর-পাত

ঘনোনীত করিয়া বিবাহ করিবার নিমিত্ত নির্কল্পাতিশয় महकारत चात्रात निकहे च्युटवाय खानाहेरवन। अखताः আমি এই ব্রপে নিশ্চিত হইয়া ব্দিয়া থাকিলে মহা-विशास পভिष रहेर ; अञ्चर आमारक वसन मविर्युष नावधान क्रेब्रा हलिएक क्रेट्रकः। विस्मृषकः श्रिव्यक्षिः वितिष्ठन। कतिष्ठा मध्य अभिनेधातत अनुश्रह व्यक्तितरक यानवर्गालंद क्यांन बातावधरे मण्युन बरेबा छेर्छ ना। ভাঁহারা দহত্র কৌৰল, দহত্র বৃদ্ধিপ্রয়োগ ও দহত্র উপার অবলয়ন করিলেও ইশ্বের প্রতিকুলতা থাকিলে কোন রূপেই আশা নকর করিতে সমর্থ হয়েন মা। আর ঈশবের দাযুগ্রহ দৃটিপাত থাকিলে কত অন-স্থা অতর্কিত ও অপ্রার্থিত অভীশিনত বিষয় সকল সন্ন-थीन बहेबा छाँबाएक अलिबिबीय आनन्दियान कतिहा থাকে৷ অতথ্য আমার মতে অভিলম্ভি বিষয় সমাধান कतियात जना जगमीचारत्व जिलामना कता कि जावज्रक रहेब्राह्। शांधविका करित प्रथि ! जुमि स कथा करि-তেছ, अविनास जारात अपुष्ठीन कतारे देशत श्रद्धा छेडत । रेमवायुद्धश वाजिरत्रक भानवगरनत्र भरनात्रव নম্পার হয় না, ইহাতে কাহার সংশ্র আছে? আত-এব তৃমি দৈবাপুতাহ লাভের ধে যে ব্যাপারের জন্ত-

ষ্ঠান করিবে, আগি শরীর মনঃ প্রাণ সকল দিয়া তদ্বিষয়ে সহায়তা করিতে কোনক্রমেই ক্রটি করিব না! এইরূপ নানাবিধ কথোপকখনেই দে দিন অপগত হইল। কিন্তু পিললার আগগনন অবধি রাজনন্দিনী সর্ববদাই অনিষ্টা-পাত শক্ষাকরিয়া চিডা্দাগরে নিগগু হইলেন।

এই সময়ে সাংবংগরিক মধ্ৎনব পর্ব উপস্থিত হইল। পুরবাদী জনগণ আলোহিত পিষ্টাতক-বিকিরণ ছারা সমুদায় নগরী দিন্দুর-বর্ণ করির। তুলিল। যুবকগণ যন্ত্রক-ঘোগে ঘুবতীনিগের উপর বর্নিল জল নিক্ষেপ कतिएक लागिल । नानाविध कुछ्यम्याला मर्खा विनाउ হুইল : নৰ্ত্তৰ গায়ক ও ৰাদকেরা স্থানে স্থানে মিলিত क्षेत्रा आप्रतानिरात्र निकारिनपुना अनर्गन कतिएड व्यातस्य कतिल। मधुबाझीवानी ममस्य खनगगरे महा-मृत्रु (वर्गकृषां य जलकृ उ हरेशा छे ९ तत-त्राम निम्र १ हरेशा গেল। এই রূপে কয়েক দিন অভিবাহিত হইলে পর একদা প্রভাত কালে রাজনহিষী, উৎসবসময়ে রোমাবতী কিরূপ ব্যবহার করিতেছেন জানিবার জন্য ভাঁহার ভবনে উপনীত হইলেন কিন্তু গুহের চতুর্দ্দিক অত্মেষণ করিয়াও তাঁহাকে দেখিতে পাইলেন না। তখন উৎদব-ব্যাপ্ত অপরাপর পরিচারিকাগণকে আহ্বান করিয়া

দিভীয় উচ্ছাদ।

জিজ্ঞানা করাতে ভাহারা কৃতাঞ্জলিপুটে নিবেদন করিল সামিনি! আমরা অন্য প্রভাত অবধি রাজনন্দিনীকে দেখিতে পাই নাই, মনে করিয়াছিলাম তিনি আপনার সহিত দাক্ষাৎ করিতে গিয়া থাকিবেন। কিন্তু আপনার সাগমন দর্শনে এক্ষণে কিছুই স্থির করিতে পারিতেছি না। এই কথা প্রবেশমাত্র মহিষী স্বরিত পদে স্থাপনার ভবনে গমন করিলেন কিন্তু তথায়ও আত্মজার কোন অনু-সন্ধান না পাইয়া সাতিশয় ব্যাকুলছদয়ে ও আর্দ্রয়রে বং-দাবলোকনার্থ নবপ্রস্তুতা ধেমুর ন্যায় চারিদিকে ধাব্যান हरेए नागितना शरत माधविकात चास्त्रका कताएड ভাহাকেও দেখিতে পাওয়া গেল না। তখন, রাজনন্দিনী মাধবিকার দহিত রজনীতে কোথায় পলায়ন করিয়াছেন, এই কথা পুর-মধ্যে প্রচারিত হইয়া উঠিল। এই ব্যাপার ক্রমে ক্রমে রাজারও কর্ণগোচর হইলে তিনি বহুদংখ্যক লোক প্রেরণ করিয়া নগরী ও তাহার পর্য্যন্তবত্তী প্রামসকল পুখাব্দপুখা রূপে অন্বেষণ করি-লেন, কিন্তু কোথাও তাহাদের অনুসন্ধান পাইলেন जा। রাজা ও রাজমহিষী বুদ্ধবয়দে দরিদ্রের ধনের ন্যায় দেই কন্যাধন প্রাপ্ত হইয়া সংসারত্থের সার্থকভা लाफ कतिशाहित्लान। अकत्व त्निष्ठे भन अहे कृत्व करू-

রোমাবভা।

जार शंताहेमां उँ।शंदों यरभवानां छि विनाभ ७ जनु-তাপ করিতে লাগিলেন। রোমাবতী কোথায় গেল ? कि जना भाग? हेश किश्हे व्यवधात्रन कतिएउ ना भातिया নানা জনে নানারপ ভকবিভর্ক করিতে লাগিল। নগ-রীতে উৎদব হইতে ছিল, ভাহা একেবারেই প্রতিষিদ্ধ হইল। নগরবাদী আবাল বৃদ্ধ বনিতা দকলেই রাজা ও রাজমহিধীর বিলাপ দর্শনে যৎপরোনান্তি খিদ্যমান হইল। রাজমহিষী, রোমাবতীকে না পাইলে প্রাণত্যাগ कतिर रिलिय़। अधारितिष्ठ इटेलिन। नद्रशेष्ठि नानाितिध প্রবেধি বচনে উহিকে সাজনা করিয়া অশেষদেশ-ভাষাভিজ্ঞ, বিবিধাচার-নিপুণ কভিপয় চরকে ভাঁছাদিগের व्यास्यरभत्र निभिन्न निक्तिगरस्य त्थात्र कतिरलन !

রোমাৰতী।

ভ্তীর উদ্ধান।

প্রীতি এক অদ্ভূতপদার্। মানবগণ প্রীতি-পাশে वक स्ट्रेल भृथिवीत जाभद्राभन ममूनाम ऋ एथे है जना छनि मिए भारतन। य शुक्ष पक वात्र माज मर्भन मित्रा রোমাবভীকে লোক লোচন হইতে অন্তর্হিত করিয়া-ছিলেন, রোমাবতীও উাহাকে অনেষ ফুংখে পাভিত করিতে কোন রূপেই ক্রটি করেন নাই। বদস্তোৎদবের কতিপয় দিবদ পরেই একদা এক ব্রাক্ষণকুমার রাজা পুরঞ্জয়ের রাজসভায় উপনীত হইলেন। তিনি অলো-কিক রূপলাবণ্যশালী হইলেও তাঁহার মুখমগুলে কেবল শোকই মূর্ত্তিমান রূপে লক্ষ্য হইতেছিল। রাজা অভ্যা-গত বিজকুমারের যথে চিত সন্মান ও সংকার করত উপবেশন করাইলেন! অনম্বর তাঁহার নাম ধাম ও আগমনকারণ জিজাদা করিলে পর তিনি কৃতাঞ্জলি

रुरेया निरंदनन कतिरलन मराताज ! जामात नाम মাধব, এ দেশে আমার নিবাদ নহে। আমি যে কথা নিবেদন করিতে আগমন করিয়াছি, নিতান্ত নিস্ত্রপ ও তুঃসাহিষক না হইলে কেশন রূপেই তদর্থ আদিতে পারিতাম না। মহারাজ! আমি এবং রঞ্জন নামে আমার এক প্রিয়ন্তবং উভয়ে নানাজনপদ পর্য্য-টন করিয়া পরিশেষে কৈলাসনাথ-দর্শনাভিলাষে এই কৌশিকী নদী দিয়া গমন করিতে ছিলাম। প্রায় এক-মাদ অতীত হইল একদা আমাদিনের তরণি এই রাজ-ধানীর নিমভাগে উপঁস্থিত হইলে নাবিকেরা এই স্থানেই নোকা বন্ধ করিল। আমরা তুই বন্ধতে ভোজনাদি সমাপন করিয়া মহারাজের এই রাজধানীর অপূর্বর শোভা मम्मर्गन कतिवात अखिलास जीरत छेखीर्ग रहेलाम ववर ইতস্ততঃ বিচরণ করিতে করিতে জ্রম্পনকারী জনগণের প্রমুখাৎ অবগত হইলাম ষে, অদ্য অপরাহে এই তর্দ্দিণীর তীরবন্তী কোন প্রান্তর ভাগে ইন্দ্রদালক্রীড়া পরিদর্শিত হইবেক। শ্রুতিমাত্র আমরা উভয়ে কৌতু-कांकृतिछ-झनरम् भिष्ठे स्थारन भगन कतिलाम धरे धक অশোক-শাখীর মূল দেশে দণ্ডায়মান হইয়া ক্রীড়া কৌশল ভাবলোকন করিতে লাগিলাম। ক্রীড্রাদর্শনসময়ে বিষ-

ল্লান্তরে আমার ভাদৃশ অভিনিবেশ ছিল না৷ অনন্তর ক্রীড়াভল হইলে পর বন্ধুকে নৌকায় গমনের নিমিত্ত আহ্বান করিয়া দেখি যে, তিনি যেন কোন বিষয়ান্তর-জ্ঞান-খূন্য ভত্ত্বদশী যোগীরন্যায় উন্নত-বদনে ও নির্নি-গেষ-নয়নে কাছার ধ্যানে নিমগ্র রহিয়াছেন! আমি বারস্বার শরীরে করাঘাত পূর্ব্বক আহ্বান করাতে তিনি महना वी छ-निष्मंत्र नागात्र अदक्वादत हिक्छ छ छे छ। চইয়া উঠিলেন এবং ক্ষণকাল আমারই প্রতি খুন্য-দৃক্টিতে নেত্রপাত করিয়া পুনর্কার চিন্তামগ্ন হইলেন। আমি তাদৃশ স্থানে বন্ধুর অক্সাৎ দেইৰূপ ভাবান্তর ও অবস্থান্তর দর্শন করিয়া নিতান্ত ব্যাকুল-চিত্ত হুইলাম, এবং কিজন্য ভিনি সহসা ঈদুশাবস্থ হইলেন, জানিবার নিমিত্ত ভূয়োভূয়ঃ জিজ্ঞাদা করিতে লাগিলাম, কিন্তু অন্তঃসন্তাপ-সূচক দীর্ঘ নিমাস ভিন্ন আর কিছুই উত্তর পাইলাম না। পরে তরণিতে গমন করিবার নিমিত্ত অনুরোধ করাতে তিনি আ্যার অংগদেশে বাছ নির্ভর করিয়া অগত্যা যাইতে সমত হইলেন। অনস্তর ভাঁহাকে নৌকায় আনম্নপূৰ্বক স্থকোমল শ্য্যায় শ্য়ন করাইলাম এবং পার্শ্বদেশে উপবেশনপূর্ব্বক নির্ব্বন্ধাতি-শ্র দহকারে এই আগগন্তুক ব্যাপারের কারণ জিজ্ঞানা

করাতে ভিনি দীর্ঘ নিখাস পরিভাগপুর্বাক নিভান্ত भीन वहरन कहिरलन 'मरब माथव ! जुमि आमारक चारतक मक्कि हरेटल मुक्क कतियाह, किञ्च वाध हम्न এই বারের সঙ্কট সেই সর্বাপেক্ষা ভয়ন্ধর। ইম্রজাল দর্শন করিতে পিয়া আমরা বে তক্ততলে দণ্ডায়মান হইয়াছিলান ভাষারই দক্ষ, খভাগত্ব প্রালাদের উপরিভাগে खित्रज्त शीमामनीत न्यांग्र मर्व्यशास्त्री-भानिनी अक কামিনী নেত্র গোচর করিয়াছি। সে কি দেবী, कि शक्तकी, कि विमाधिती ভाशत किहूरे चित्र कतिएड পারি নাই। ফলতঃ ভাহার দেই নয়নোমাদকর রূপ ध्वर डेमात्र-छन-शिखन वननम्छल नितीकन कतिश्रा আমি এই প্রকার ব্যাকুল হইয়াছি, এক্ষণে যাহা কর্ত্তব্য হয় কর।"

আমি প্রিয় বন্ধুর এইরূপ অসমত সন্থানামুরাণের বিষয় অবগত হইয়া বহুক্ষণ তৃঞ্চীস্থাবে রহিলাম দরে উাহার দে ভাব অপনীত করিবার অভিলামে পরিহাস-গর্ভ বচনে কহিলাম মিত্র! স্কছং কোন উৎপথে পদা-প্রণ করিলে বা কোন তুরধিগমা বিষয়প্রাপ্তির অভিলামী হইলে স্ক্রন্ডানে উাহাকে নিবারণ করে এবং ততৃপলক্ষে স্কেহ-গর্ভ তিরস্থারপ্ত করিয়া থাকে ৷ কিন্তু আমি সে উভরের কিছুই করিতে চাহিনা! মলুষ্যের শুভাশুভ ममूनम व्याभातरे स्थादत रेक्ट्रायमण्डः घरिमा थाटक ! যদি তিনি নিতান্তই তোমাকে লোকের উপহাসাম্পদ করিবার অভিপ্রায় করিয়া থাকেন, কবে আমার নিবারণ বা ভিরস্কার কিছুভেই ভোমার চিত্তকে প্রকৃতিস্থ করিছে शांत्रित ना। किन्न हेशं अकवात वित्वहना कता छेहिन ষে, তুমি এদেশে অজ্ঞাত-কুল-শীল আগন্তুক ব্যক্তিঃ সামান্য পথিক রূপে এস্থানে উত্তীর্ণ হইয়াছে। যে काभिनीटक नग्रनरभाष्ठत कतिग्राष्ट्र विलय्छह, व्याध रह, তিনি অত্তত্য কোন বিভবশালী জনের ছহিতা হইবেন ! এন্থলে তাদৃশ জনের প্রতি ভোমার এই অকারণাসুরাগ পরিণত বিল্প ফলে বায়দের পঞ্পুটাখাতের ন্যায় 奪 একান্ত উপহালাম্পদ হইবে না? বক্ষো! ভূমি নানা শাস্ত্রে প্রবীণ হইয়াছ ''অসমত আশা কেবল ক্লেশ-কারিণী ও হৃদয়-শোষিণী" এই দামান্য নীতিসূত্র তোমার নিকট আর কি আনেড়িত করিব? আহা! আস্থী-किकी-विष्क्रम পণ্ডिত প্রবর মনকে যে খণ্ডন করিয়াছেন তাरा উচিতই रहेशाह, य मनः अवनामित्वत कठाक মাত্র দর্শনে এতাদৃশ অদার হইয়া পড়ে ভাহাকে দহত্র च छ कतिरमञ्जाग यात्र ना! याहा इडेक मरथ! आत

এখন পরিহাসের সময় নহে, ভোমাকে যথার্থই অহস্থ দেখিতেছি৷ শান্তকারেরা কহিয়াছেন বিকারের হেতৃ শীঘ্রই পরিহার করা কর্ত্তবা৷ এই নগরীতে ভোমার চিন্ত-বিকার জন্মিয়াছে অভএব এ স্থানে যভক্ষণ অবস্থান করিবে ওভক্ষণই দেই চিন্তা ভোমাকে প্রবল রূপে অভি-ভূত করিয়া রাখিবে, অভএব সন্তরে এস্থান হইতে প্রস্থান করাই উচিত কলা।

এইরপ ও অপররপ নানাবিধ উপদেশ-বহুল বচন-विन्यान, পরিবাদ-গর্ভ আলাপ এবং চিভাকর্ষক নানা উপাখ্যান বর্ণন করিয়া তাঁহাকে অন্যাসক্ত করিবার নিমিত্ত বিবিধ চেঠা করিলাম কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইতে পারিলাগ না। তিনি আ্যার কোন কথারই আয় উত্তর করিলেন না, কেবল বাম করে কপোল-বিন্যাদপুর্বক সর্বনিজ-সংযুক্ত শশ্বরের ন্যায় অপুর্ব-ৰূপ শোভগান হইয়া সমস্ত রজনী অতিবাহন করি-লেন। ভানন্তর প্রভাত হইতে না হইতেই আমি কৈলাদ-দর্শনাভিলাষ রহিত করিয়া স্থদেশ-গ্রনাভিলাষে নাবিক দিগকে আজা দিয়া নৌকা খলিয়া দিলাম৷ নৌকা मिकिश-वाहिनी इरेश्रा भगन कतिल, किञ्च वस्तुत समग्र व्यय-স্কান্ত-মণি শলাকার ন্যায় উত্তর দিকেই গাবমান হইতে

শানিল। পব্যতি-চতুষ্টর মাত্র পথ অতিক্রান্ত হটলেই তিনি আর তরণির অভ্যন্তরে থাকিতে পারিলেন না উহা ভাঁহার পক্ষে কারাগার স্বরূপ বোধ হইতে লাগিল। তখন তিনি নোকা বন্ধ করিয়া তীরে উঠিবার জন্য আমাকে সাতিশয় অসুরোধ করিতে লাগিলেন। অদৃষ্ট-পুর্ববি রমণীয় স্থান সকল দর্শন করিলে চিত্তরৃত্তি স্থির হইলেও হইতে পারে, এই ভাবিয়া আমিও তাঁহার প্রস্তাবে সমত হইলাম। আমাদিগের নৌকা একটা कृष्ट गेख रेगल्वत मिस्रिशास यक हरेंग। आधार पूर्वे জ্ঞানে তীরে নামিয়া কিয়ংক্ষণ ইতন্ততঃ বিচরণ করি-লান, অনন্তর পূর্বাহকৃত্য সমাপন করিয়া দেই গণ্ড শৈলের উপত্যকাভূমিতে ভ্রমণ করিতে চলিলাম। সামি মনে করিয়াছিলাম এই দকল দর্শন করিলে বন্ধুর মনস্তাপ কিয়ৎপরিমাণে শান্ত হইবে, কিন্তু ভাচা না হইরা প্রজ্বলিত তৈল কটাহে গলিল-ক্ষেপের ন্যায় উহা আরঙ प्रक्षीक्ष रुरेग्न। **छेठिन। धरे य्हान श्**रेट प्राग्नुताकी व्यानक দুরবর্ত্তিনী ইহা জানিয়াও বন্ধু, মধ্যে মধ্যে আমার অলক্ষিতরপে প্রপদে দণ্ডায়মান হইয়া উন্নত-বদনে ময়ুরাকী দর্শনের জন্য যত্নবান ইইলেন। তংকালে উাহার দেইরূপ ভাব ভাবলোকন করিয়া জামি ধে

কতই অপ্রার বিগজ্জন করিয়াছিলাম বলিতে পারি না৷ যাহা হউক এই রূপে কিয়ৎকাল উাহাকে তথায় ভ্রমণ করাইয়া দক্ষার প্রাক্তাপে নৌকায় আন্ময়ন कतिनाम। त्र त्रांकि त्रहे म्हार्त्तहे प्यवसान हहेन। পরদিন প্রত্যুঘেই নৌকা ছাড়িয়া দেওয়া হইল কিন্তু পে দিনও পুর্বে দিবস অপেক্ষা অধিক পথ যাওয়া হইল নাঃ এই রূপে আমি বন্ধুকে লইয়া কোন দিন পাঁচ ক্রোশ কোন দিন আট কোশ এবং ঊর্জ্বংখ্যায় কোন দিন দশ ক্রোশ পথ গমন করিয়া এ নগরী হইতে প্রায় শত ক্রোশ দুরবন্তী হুইলাম। কিন্তু এই কালাভিক্রম ও দেশাতিক্রম দারা উাহার উৎকঠাকুল মনো-वृद्धि किथिन्याद्ध इन्ह हरेल ना । शतिरमस्य यथन আমি নিভান্তই বুঝিলাম যে, এ অসুরাগ কোনরপেই প্রভ্যাবর্দ্ধিত হইবার নহে এবং বলপূর্ব্যক ইহার প্রভ্যা-বর্ত্তনের চেষ্টা করিলে অনিষ্ঠ বই কোন রূপে ইষ্ট লাভ হইবার সম্ভাবনা নাই, তখন আমি নাবিকদিগকে (प्रशेष्ट्री कियुक्तियम व्यवस्थान कवित्रं व्यादमन मिया এবং "আমি ভোমার মনোরথ দিন্ধির নিমিত্ত ময়রাঙ্গী গমন করিতেছি, হাবং আমি প্রত্যাগমন না করি তাবং অবৃহত্ত হইয়া এই স্থানে থাকিবে, শরীরের প্রতি কোন রূপে অবহেলা করিবে না। তুমি নিশ্চয় জানিও, মনো-রথ দিজির উপায় না করিয়া আর ভোমাকে মুখ দেখাইব না" তাঁহাকে এইরপ উপদেশ প্রদান করিয়া এবং নাবিকগণকে দর্বনা তাঁহার তত্ত্বাবধান করিবার আদেশ দিয়া আমি এই নগরীর অভিমুখে পদব্রজেই যাত্রা করিলাম। পথিমধ্যে যে কত কপ্ত ভোগ করিয়াছি তাহা আর বর্ণন করিয়া কি জানাইব!

আদ্য বেলা চারি দণ্ডের সময়ে এই নগরীতে উত্তীর্ণ ইইয়াছি। এতাবং কাল অধ্-সংঘটিত বিপদ্রাশি অতি-ক্রমণের চিস্তাতেই এতাদৃশ অভিভূত ছিলাম যে অন্য চিস্তা করিবার কিঞ্চিলাত্র অবদর প্রাপ্ত হই নাই। কিন্তু একণে আমাকে যেমন দে চিস্তা পরিত্যাগ করিল, অমনি অপর এক চিস্তা উপস্থিত হইয়া প্রবলরপে আক্রমণ করিল। তখন্মনে হইল, ''আমি কি মৃঢ়! আমি কি উদ্দেশ্বে এইনে আগমন করিলাম? 'আমার বন্ধু ইন্দ্র-ক্রাল দর্শনাবদরে এ নগরীর কোন্ কামিনীকে অবলোকন করিয়া বিহলে ইইয়াছেন?' একথা আমি কাহাকে ক্রিয়া করিব? এবং কেই বা ইহার সত্তর প্রদান করিবে? বন্ধু মধ্যে মধ্যে মনোবেদনা বর্ণনাবদরে আমার নিকটে সেই কামিনীর কথা যেরপে বর্ণন করিয়াছেন,

ভাছাতে তিনি যে, অনুচা এবং ধর্মপরায়ণা ভাষার বিল-ক্ষণ প্রতীতি হইয়াছে, কিন্তু তিনি কোন গ্রহের অলস্কার ? বা কোন্ পিতা মাতার হৃদয়দেশে বাদ করেন? এই অনন্য-বিদিত সম্বাচার কিরুপে বাহির করিব ? সর্ব্বথা 'আমি ভোমার অভীষ্টদিদ্ধি বিষয়ে অকৃতকার্য্য হইয়া মুখ দেখাইব না স্থাদের নিকট এইরূপ প্রতিজ্ঞা করিয়া আগমন করায় আমার অতি অদূর-দর্শিতাই প্রকাশ হইয়াছে। আমি কি বলিয়া এখন উগহার নিকটে প্রতিগমন করিব? আশা-বন্ধ প্রণয়ি-জনের জীবন কুন্তুমের বুস্তম্বরূপ। আমি তথায় ফিরিয়া গিয়া দেই বুন্তটী কর্তুন করিয়া দিলে কিরূপে তাঁহার জীবন রক্ষা সম্ভবিতে পারে। এই নগরীর প্রাপ্ত ভাগে এক ভক্ততেল একাকী উপবেশন করিয়া বছক্ষণ পর্যান্ত এইরূপ চিন্তা করিলাম, তখন লজ্জা ভয় সম্ভ্রম স্থাবি-ভূতি হইতে লাগিল। পরিশেষে নানারপে চিন্তার পর দ্বির করিলাম যে, এত দূর আদিয়া কিঞ্জিমাত্র অনু-সন্ধান না করিয়া প্রতিগমন করা কাপুরুষের কর্ম। অন্য ব্যক্তির নিক্ট ইছা জানিবার কোন উপায় দেখি না। যে বিষয় জান্য লোকের সম্পান্ন করিতে কভ

শাস্তরার কড বিশ্ব ও কত শাস্ত্রিধা ঘটে রাজারা भारत कतिराम निरम्बमार्थः ता विषय मण्यात कतिया निराष्ट भारतन। विर्भव ७३ यनि नहां युका आर्थना कतिए इश्, মহৎ লোকের নিকটেই করা ভাল। অতথব এই বিষয় আমি মহারাজী-পতি মহারাজ পুরঞ্জেরে নিকট निर्दापन कति, यनि ইश्व कानज्ञ श्विध इरेवात क्रायात थात्क जात जाहा हरेला रहेता, जातात निक्षे প্রার্থনা করা বিফল, এইরূপ আশা করিয়া আমি শ্রীমং-সন্নিণানে উপস্থিত হইরাছি। মহারাজ পূর্কাপর সমস্ত ষ্ট্রান্ত হইলেন, এক্ষণে মহাকুল-প্রস্তুত, বিবিধ-বিদ্যা-বিশারদ ধার্মিকাগ্রাগণ্য ভূবন-জন-গণ-মনোরঞ্জন আমার পরম স্থন্ত্রপ্রদের জীবন রক্ষার যদি কোন উপায় থাকে, তবে তাহা সম্পাদন করিয়া তাঁহারও তদেকাধীন-জীবন স্পামার এই তুই ব্রাহ্মণ কুনারের জীবন দানের সম্পূর্ণ कल लाज करून।

